ঘষল। তারপর উপর দিকে উঠল তার মুখ। দু'উরুর সন্ধিস্থলে নাকমুখ ঘষল কর্নেল। চাটছে জিভ দিয়ে। তারপর টিনার নিতম্ব জড়িয়ে ধরল কর্নেল। তলপেটের কাছে নিয়ে গেল মুখ। সরু ফুটোর মত নাভীদেশ চেটে দিল। চিত হয়ে থাকা নগ্ন কুমারী দেহের উপর হামাগুড়ি দিয়ে এগোল। এবার কটিদেশ জড়িয়ে ধরে মুখ রাখল দু'স্তনের খাঁজে। মুখ দিয়ে কামড়ে ধরল বাঁ দিকের স্তন, ডান হাত দিয়ে আঁচড়ে দিল ডান দিকেরটা। জোরে জোরে মোচড়াতে লাগল। অবোধ জানোয়ারের মত বোবা ব্যথায় কাতরাচ্ছে মেয়েটা। অতঃপর পুরোপুরি উপুর হয়ে টিনার কুমারী দেহের উপর শুয়ে পড়ল কর্নেল। দু'উরুর ভেতর দিয়ে ঢুকিয়ে দিল ওর বিরাট লিঙ্গ। জাপটে ধরে নরম কোমল দেহটাকে পিষে ফেলতে চাইল নিজের পশু কঠিন দেহের নীচে। নরম অধরের উপর চেপে রাখল ঠোঁট। কাজ সেরে টিনার রক্তাক্ত নগ্ন দেহের উপর থেকে উঠে পড়ল কর্নেল। বসল গিয়ে আরাম চেয়ারে। আয়েস করে পাইপ ধরাল। তাকাল মেঝের দিকে। চোখ বন্ধ করে নিথর অবস্থায় কার্পেটের উপর পড়ে আছে মেয়েটা। ভেজা ভেজা নাক, মুখ। গোলাপি স্তন, ক্ষীণ কটি, নির্মোল পেলব উঁরু দেশ। সুগঠিত একজোড়া ফর্সা পা। দেখতে দেখতে আবার উত্তেজিত হয়ে উঠল কর্নেল। কাছে গিয়ে ধাক্কা মেরে উপুর করে শুইয়ে দিল মেয়েটাকে। নিতম্বের খাঁজে হাত বুলোতে লাগল। এমন সময় নক্ হলো দরজায়। 'কে?' বাজখাঁই গলায় হুঙ্কার ছাড়ল, কর্নেল।

'আমি ইন্সপেক্টর ওয়াং,' বাইরে থেকে ভেসে এল কণ্ঠ। 'জরুরি দরকার।'

মেয়েটার ওপুর হয়ে থাকা নগ্ন দেহটা একটা বেডশীট দিয়ে ঢেকে দিল কর্নেল। প্রতিজ্ঞা করল, যদি কোন ফালতু ব্যাপারে এসে থাকে ইন্সপেক্টর তাহলে সারাজীবন, মৃত্যুর পূর্ব মুহূর্ত পর্যন্ত অনুতাপ করতে হবে তাকে। দরজা খুলে বাইরে এসে ইন্সপেক্টরকে নিয়ে নিজের চেম্বারে ঢুকল কর্নেল। সিংহাসনের মত চেয়ারটাতে বসে হুকুম দিল, 'এবার শুরু করো, কী নরক ঘেঁটে এসেছ?'

সংক্ষেপে সব বর্ণনা দিল ওয়াং। কৌতূহলী হয়ে উঠল কর্নেল। 'নিজের এসিস্ট্যান্টকে মেরে ফেলল আমেরিকানটা!' বলল সে। 'নিশ্চয়ই কোন ঘাপলা আছে। চলো তো এখনই একবার ঘুরে আসি ক্যাসিনো থেকে।'

চৌদ্দ

ইন্সপেক্টর আর ঝাওকে সঙ্গে নিয়ে যখন ম্যানেজারের বাংলোতে পৌঁছল কর্নেল, পূবের আকাশ ফর্সা হতে শুরু করেছে ততক্ষণে। প্রথমেই জেরা করল বুড়ো জনকে। জন স্বীকার করল তার মনিব যাবার আগে ধস্তাধস্তি আর কাচের কি যেন ভেঙ্গে পড়ার শব্দ শুনেছে সে। এবার দুজনকে নিয়ে বেডরুমে ঢুকল ও। আলমারীর ডালা খুলে এক নজর দেখল ডেড বডিটা।

এদিকে কুকুরের মত উঁবু হয়ে মেঝে পরীক্ষা করছে ওয়াং আর ঝাও। মেঝের উপর ছেঁড়া কাগজের টুকরো আর কাঁচের গুঁড়ো আবিষ্কার করল সে। জন স্বীকার করল পুরোনো একটা পেইন্টিং বদলিয়ে নতুন একটা লাগানো হয়েছে গতকাল সকালে। হঠাৎ কর্নেলের কানে কানে কি যেন ফিসফিস করে বলল ঝাও। ওয়াং আর জনকে রুম থেকে বেরিয়ে যাবার আদেশ দিল কর্নেল।

'বদলাবার সময় পুরোনো পেইন্টিংটা মেঝেতে পড়ে ভেঙ্গে যায়,' গাল চুলকাতে চুলকাতে বলল ঝাও। 'আমার ধারণা, কিছু একটা লুকানো ছিল পেইন্টিংটির ভেতরে। যেটা দেখে ফেলার দরুণ মরতে হয়েছে চিয়াংকে। রুমটা ভাল করে সার্চ করতে হবে।'

বিছানাটা ধরে একপাশে সরাল দুজনে। সাথে সাথে ডিভানের পায়ার কাছে পেয়ে গেল ঝাও সেই কাঙ্খিত জিনিস। ছোট্ট মটর দানার মত একটা হীরে। 'মার্শাল হোয়াং চিমিনের হীরে পেয়েছে আমেরিকানটা,' ফিসফিস করে বলল ঝাও। 'এজন্যেই মরতে হয়েছে চিয়াংকে, সম্ভবত অন্য কোন ভাগীদার চায়নি সে। আমার দৃঢ় বিশ্বাস গা ঢাকা দিয়েছে আমেরিকানটা। পালাতে চাইছে দেশ ছেড়ে। স্যার, ওকে খুঁজে বের করে উদ্ধার করেন হীরেগুলো।'

চকচক করছে কর্নেলের চোখ দুটো। 'স্রেফ তোমার আর আমার মধ্যে সীমাবদ্ধ থাকবে ব্যাপারটা। এখন ইন্সপেক্টরকে ডাকো।'

ওয়াং ভেতরে ঢুকতেই কর্নেল বলতে শুরু করল, 'আসলে আমেরিকানটা খুন করে গা ঢাকা দিয়েছে। নিশ্চয়ই চিয়াং হোমো পার্টনার ছিল তার। এবং ব্ল্যাকমেইল করছিল তাকে। সেজন্যে বাধ্য হয়ে খুন হতে হয়েছে ওকে। যাইহোক তুমি প্রচার করে দাও ডাকাতরা অপহরণ করে

নিয়ে গেছে আমেরিকানটাকে। বাবুর্চিটাকে পরবর্তী আদেশ না দেয়া পর্যন্ত হাজতে পুরে রাখো। গোপনে অনুসন্ধান চালাতে থাকো, কোথায় লুকিয়ে আছে সে। কোন খবর পেলে আমাকে জানাবে। আর হ্যাঁ, খুনটাকে ধামাচাপা দিতে হবে। লাশটার গায়ে দু'টো বুলেট ঢুকিয়ে দুর্ঘটনাস্থলে ফেলে রেখে এসো ওটা। লোকে জানবে মনিবের সাথে যেতে গিয়ে ডাকাতদের হাতে মারা পড়েছে। এতে অনেক ঝামেলা বেঁচে যাবে। আমি অফিসে যাচ্ছি। একটা স্টেটমেন্ট রেডী করে এব্যাপারে গভর্নরের কাছে পাঠাবো। আর তুমি, ঐ মাইকেল, বাবুর্চি জন আর চিয়াং এর রেকর্ড ফাইল দিয়ে যেয়ো আমাকে।'

পুলিশ হেডকোয়ার্টারে, চীফের চেম্বারে কর্নেল কথা বলছে ঝাও এর সাথে। মাইকেল, চিয়াং আর বাবুর্চি জন–এ তিনজনের লিখিত রিপোর্ট পেশ করেছে ওয়াং। আর তা মনোযোগ দিয়ে দেখছে কর্নেল হার্ডি। কারও রিপোর্টেই উল্লেখযোগ্য তেমন কিছু নেই। ইতিমধ্যে গভর্ণরের কাছে লিখিত বিবৃতি পাঠিয়ে দিয়েছে কর্নেল, মাইকেলের অপহরণের ব্যাপারে। গভর্ণর তা পেশ করেছে মার্কিন দূতাবাসে। চারজন মার্কিন সামরিক পুলিশের অফিসার নিযুক্ত করা হয়েছে এমব্যাসী থেকে, হংকং এর সিকিউরিটি পুলিশকে সাহায্য করার জন্যে। আর এরাই এখন মাথা ব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছে কর্নেলের।

'চিয়াং তো পটলই তুলেছে,' পাইপে তামাক ভরতে ভরতে বলল কর্নেল। 'এখন হীরের ব্যাপারটা শুধু আন্দাজ করতে পারে বাবুর্চি জনই। মার্কিন অফিসারদের কাছে উল্টোপাল্টা কিছু একটা বলে বিঘ্ন ঘটাতে পারে আমাদের কাজে।'

নিষ্ঠুর হাসি দেখা দিল ঝাও -এর পুরু ঠোঁটে। 'স্যার, কত লোকই তো গাড়ির তলে চাপা পড়ে মারা যায়। এটাকে ব্যাপারই মনে করবে না কেউ, যদি বুড়োটা হাজত থেকে বেরুবার পর এভাবে মরে।'

সন্তুষ্টির হাসি দেখা দিল কর্নেলের মুখে। প্রশংসার দৃষ্টিতে তাকাল পি এস– এর দিকে। 'হ্যাঁ, পুরো ব্যাপারটাই তোমার উপর ছেড়ে দিয়েছি। তা আমেরিকানটাকে খোঁজার ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছ?'

'কালকের কাগজেই ওর ছবিসহ ক্যাপশন বেরিয়ে যাবে, স্যার,' ঠাণ্ডা গলায় বলল ঝাও। 'মোটা অংকের পুরস্কার ঘোষনা করা হবে সন্ধানদাতার জন্যে।'

ঠিক তখুনি কামরার ভেতর এসে স্যালুট করে দাঁড়াল ইন্সপেক্টর ওয়াং।

'স্যার, মার্কিন পুলিশের অফিসার ক্যাপ্টেন পিটার দেখা করতে এসেছে।'

'ভেতরি নিয়ে এসো ছোকরাকে,' হুকুম দিল কর্নেল।

ভেতরে ঢুকেই, কোন রকম ভনিতা না করে কাজের কথায় চলে এল পিটার। 'একটা ব্যাপার আমি বুঝতে পারছি না, কর্নেল,' বলল ক্যাপ্টেন পিটার। 'এয়ারপোর্টে যাবার জন্যে এ্যামব্যাসীর অফিসার ড্যানের কাছ থেকে গাড়িটা নিয়েছিলেন মি. মাইকেল অথচ সেটা পাওয়া গেছে তার উল্টো দিকের রোডে। তারপর আবার ড্যান বলছেন যে, এ সময় তার সাথে মেয়ে ছিল একটা। অথচ গাড়িতে লাশ পাওয়া গেছে তার সহকারী চিয়াং এর। এগুলো আপনারা ব্যাখ্যা করবেন কিভাবে?'

ভেতরে ভেতরে চমকে গেলেও বাইরে তা প্রকাশ করতে দিল না কর্নেল। কিন্তু ক্ষুরধার মাথায় উত্তর তৈরি হয়ে গেল সাথে সাথেই। 'দেখুন ক্যাপ্টেন, মি. ওয়েনের সাথে কথা হয়েছে আমারও। তিনি তার জবানীতে বলেছেন, মি. মাইকেল তাকে বলেছেন নীচে গাড়ি বারান্দায় একটা মেয়েকে দাঁড় করিয়ে রেখে এসেছেন তিনি। মি. ওয়েন চোখে দেখেননি মেয়েটাকে। মি. মাইকেল যে সত্যি কথা বলেছেন তারই বা প্রমাণ কি? মেয়েটেয়ে নয়, ওসময় স্রেফ তার সহকারীই ছিল গাড়িতে। আর এয়াপোর্টের ব্যাপারটাও নিশ্চয়ই গাড়ি নেবার জন্যে মিথ্যে বলেছেন মি. মাইক। ক্যাসিনোতে মি. মাইকের গাড়ি পাওয়া গেছে সম্পূর্ণ চালু অবস্থায়। আমাদের বিশ্বাস এমব্যাসীর সিডিপ্লেট লাগানো গাড়ি নিয়ে পুলিশের চোখকে ফাঁকি দিয়ে কোথাও যাবার প্ল্যান ছিল তার। হংকং এ মি. মাইক আগন্তুক। তার সম্পর্কে তেমন আর কিই বা জানি আমরা। হয়তো কোন অপরাধ চক্রের সাথে জড়িত তিনি। গাড়িতে করে নিষিদ্ধ কোন কিছু পাচার করতে চাইছিলেন। তার সহকারী হয়তো জানত না সেটা। কেননা চিয়াং এর রেকর্ড খারাপ নয়।'

যুক্তি আছে কর্নেলের কথায়। অনিচ্ছাসত্ত্বেও মেনে নিতে বাধ্য হলো ক্যাপ্টেন পিটার।

'তাছাড়া আরেকটা ব্যাপার,' আড় চোখে পিটারের দিকে তাকিয়ে ফের শুরু করল ও। 'আমাদের কানে এসেছে মি. মাইক এখানে আসার আগে মার্কিন সেনাবাহিনীর অর্থাৎ আপনাদের আর্মির ক্যাপ্টেন ছিলেন। অপরাধের দায়ে চাকুরি থেকে বহিস্কার করা হয়েছে তাকে। সুতরাং এক্ষেত্রে যদি আমরা ধরে নিই কোন অপরাধমূলক কাজকর্মের সাথে তিনি জড়িত, সেক্ষেত্রে নিশ্চয়ই কোন বুদ্ধিমান লোক আমাদের দোষ দিতে পারবেন না। দুমাসও হয়নি তিনি এসেছেন এখানে। তার সম্পর্কে কিইবা জানবে পুলিশ,

এত কম সময়ে?’

মাথা নাড়ানো ছাড়া আর কিছু বলার থাকল না পিটারের। তবে মনে মনে সিদ্ধান্ত নিল ও, মাইকের হংকং এর জীবন যাপন সম্পর্কে বিস্তারিত খোঁজ খবর নেবে। এটা নিজের ভেতর থেকেই করার তাড়না অনুভব করল, কেননা এখানকার পুলিশ অপরাধী প্রতিপন্ন করতে চাইছে মাইককে। মাইক একজন আমেরিকান আর সবচে’ বড় কথা সেনাবাহিনীর একজন প্রাক্তন অফিসার সে।

এদিকে ভেতরে ভেতরে খেপে উঠেছে কর্নেল, কখন না জানি জনের সাথে কথা বলতে চাইবে পিটার। কিন্তু ভাগ্য অনুকূলে কর্নেলের। জনের কথা না তুলেই বিদায় নিয়ে চলে গেল ক্যাপ্টেন। ইন্সপেক্টরকে বিদায় করে দিয়ে ঝাও এর দিকে ফিরল কর্নেল। ‘স্রেফ কপালের জোরে এ যাত্রা বেঁচে গেছি, ঝাও।’ বলল কর্নেল। ‘এক্ষুণি হাজত থেকে মুক্ত করে দাও ব্যাটা বাবুর্চিকে। ঘণ্টাখানেক পরে যেন গাড়ি এক্সিডেন্টে ওর মৃত্যুর খবর পাই আমি।’

‘আপনি নিশ্চিত থাকতে পারেন, স্যার,’ নীচু কণ্ঠে বলল ঝাও। ‘কেননা যে জীপের তলায় পড়ে মারা যাবে বুড়ো, তার চালক থাকব আমি স্বয়ং।’

খুব সকালেই বাসে চেপে শহরে ফিরে এল সীমা। অফিসে ঢুকেই দেখে স্বয়ং মি. হার্ট বসে আছেন মাইকের চেয়ারে। ‘আমি কিছুই বুঝতে পারছি না, সীমা,’ ওকে দেখেই বললেন মি. হার্ট। ‘ভাগ্যিস গতকাল একটা কাজে হংকং এসেছিলাম। বীংসাম ফোন করে ভোর রাতে। সব জানাল আমাকে। চিয়াংকে খুন করেছে ডাকাতেরা আর ধরে নিয়ে গেছে মাইককে। কিন্তু হঠাৎ চিয়াংকে নিয়ে ওদিকের ঐ অজ গ্রামের দিকে যাবার কি দরকার হলো মাইকের, আমি ঠিক বুঝতে পারছি না।’

‘গতকাল সকাল থেকে আমার সাথে উনার নেই স্যার,’ অন্য দিকে তাকিয়ে যথাসাধ্য স্বাভাবিক কণ্ঠে বলল সীমা।

‘তোমার কি মনে হয় ডাকাতগুলো ওকে বাঁচিয়ে রেখেছে?’ ভাঙ্গা গলায় জিজ্ঞেস করলেন তিনি। ‘একটু আগে কথা হয়েছে এখানকার পুলিশ হেডকোয়ার্টারে। ওদের বিশ্বাস খুন করে নাকি লাশ কোথাও গুম করে রেখেছে ডাকাতেরা। জীবিত বা মৃত অবস্থায়, যে ভাবেই হোক ওকে খুঁজে বার করার জন্যে উঠে পড়ে লেগেছে ওরা। ফোনে কথা হয়েছে ওর গার্ল ফ্রেণ্ডের সাথে। একেবারে ভেঙ্গে পড়েছে মেয়েটা। বলোতো আমি কি জবাব দেবো ওদের কাছে?’

মেঝের দিকে তাকিয়ে থেকে চুপ করে রইল সীমা। মনে মনে ভাগ্যকে ধন্যবাদ দিল। ভাগ্যিস, কেউ জানে না মাইকের সাথে ওর সম্পর্কের কথা। বড় বাঁচা বেঁচে গেছে। দুপুরের দিকে ছুটি নিয়ে নিল সীমা। সন্ধ্যের পর পরই যেতে হবে বুড়ো দাদুর বাড়িতে। খুবই সাবধানে, কেউ যেন টের না পায়। ঠিক তখুনি এল টেলিফোনটা। 'মিস্ সীমা,' ফোনে দরাজ, বিনীত কণ্ঠ ভেসে এল। 'আমার নাম টাই কিং, আশা করি চিনেছেন। আপনার সাথে জরুরি আলাপ আছে আমার। দয়া করে একবার আসতে পারবেন কি? আপনার অসুবিধে হলে বরং আমিই আসি।'

একবার মনে হলো এড়িয়ে যায় লোকটাকে। পরে মনে হলো হয়তো কোন দরকারী তথ্য পাওয়া যেতে পারে লোকটার কাছ থেকে। যাওয়াই ঠিক করল সীমা। 'আমি আসছি এখুনি,' বলে লাইন কেটে দিল ও।

সীমা পৌঁছানোর পর ওকে তার নিজের কনফিডেন্সিয়াল রুমে নিয়ে এল টাই কিং। 'গতকাল দুপুরে আমার কাছে এসেছিলেন মি. মাইক,' বলল মোটকা চীনে লোকটা। 'আপনাকে ফোন করে খবর দিতে বলেছিলেন। মনে হলো আপনার বেশ আপন উনি। সে যাক্ গে, আমার কাছে একটা কাজ নিয়ে এসেছিলেন উনি। সেটা হচ্ছে তার কোন এক বন্ধুর নাকি একটা জাল পাসপোর্ট দরকার। সেই সাথে ঐ বন্ধুকে দেশ থেকে বের করে নিয়ে যেতে হবে সিঙ্গাপুরে।' একটু বিরতি দিল লোকটা, আজকের দৈনিক কাগজটা এগিয়ে দিল সীমার দিকে। 'অথচ দেখুন গতরাতে নাকি হংকং এর দক্ষিণে যাবার সময় একদল ডাকাতের পাল্লায় পড়েন উনি। একটা দুতাবাসের গাড়িতে করে যাচ্ছিলেন। ডাকাতেরা ঘটনাস্থলে তার সহকারী চিয়াংকে খুন করে তাকে অপহরণ করে নিয়ে যায়। পুলিশের ধারণা ডাকাতেরা খুন করে কোথায়ও ওঁর লাশ গুম করে ফেলেছে।'

এখন পর্যন্ত কাগজ দেখা হয়নি সীমার। কিন্তু গাড়িতে চিয়াং এর লাশ! মাথায় ঢুকল না ব্যাপারটা। ভেতরে ভেতরে ভীষণ চমকে গেল সীমা। ওর এ চমকানোটা লক্ষ্য করল টাই।

এবার অন্য কথা পাড়ল টাই কিং। 'আপনাকে যখন খবর দেয়া হলো, আপনি বলে দিলেন, আসছি। সুতরাং আপনার সাথে ওনার দেখা হয়েছে।'

' দেখুন আসলে আসছি বললেও পরে আর আসা হয়নি,' মিথ্যে করে বলল ও। 'এখন পর্যন্ত আমার সাথে দেখা হয়নি ওর।'

টাই-কিং এর অভিজ্ঞ চোখ বুঝল মিথ্যে কথা বলছে মেয়েটা। কিন্তু কেন?

'বাদ দিন, যা বলছিলাম,' যেন কিছুই ঘটেনি এমন ভাবে ফের শুরু

করল টাই। 'আমার বিশ্বাস কোথাও মস্ত বড় ভুল করেছে পুলিশ। আদৌ মারা যাননি মি. মাইক। অপহৃত হবারও প্রশ্ন উঠে না। বন্ধুর কথা বললেও আমি বুঝতে পেরেছি পাসপোর্ট আসলে দরকার তাঁর নিজেরই। সবই আমার অনুমান। তা, আপনাকে বিরক্ত করার কারণ হলো, যদি দেখা হয় আপনার সাথে ওকে বলবেন, পর্যাপ্ত টাকার বিনিময়ে সাহায্য করতে রাজী আছি আমি। আমার দৃঢ় বিশ্বাস সাহায্যের দরকার হবে তাঁর।'

'যত রাজ্যের আজগুবি কথা আপনার,' বলে উঠে দাঁড়াল সীমা। 'অযথা পেরেশানি করছেন আমাকে। চলি এখন, গুডবাই।'

বলে কামরা থেকে বেরিয়ে এল ও। পেছন থেকে ওর নিতম্বের দোলা দেখতে দেখতে ফের বলল টাই কিং, 'আমার কথা বলতে ভুলবেন না যেন।'

সীমা সবেমাত্র রাস্তায় নেমেছে, কলিংবেল টিপে একটা ষোলো সতেরো বছরের কিশোর ছেলেকে ডেকে পাঠাল টাই। রাস্তার ছেলে। টুকিটাকি যাদু দেখায়। এজন্যে সবাই ওকে ম্যাজিশিয়ান বলে। দেখতে নোংরা। টাকার বিনিময়ে টাই কিং এর ছোটখাট কাজ করে দেয়।

জানালা দিয়ে রাস্তার দিকে আঙুল নির্দেশ করে পিচ্চির দৃষ্টি আকর্ষণ করল ও। 'ঐ যে নীল,স্পোর্টর্স গেঞ্জি পরা সুন্দরী মেয়েটা দেখছিস্ এখুনি ওর পেছনে লেগে যা। আমার বিশ্বাস আজ রাতের ভেতর কোথাও যাবে ও। সেটা জেনে আমাকে জানাবি। পাঁচ ডলার পাবি।'

সঙ্গে করে কয়েক প্যাকেট ফাইভ ফাইভ সিগারেট আর আজকের খবরের কাগজটা নিয়ে নিল সীমা। কেননা অতদূরে কাগজ যায় না। সন্ধ্যার বাসে চেপে বসল ও। এদিকে একই বাসের পেছনে চাষাভূষোদের নিয়ে আসর বসিয়ে ফেলেছে টাই কিং এর লেলিয়ে দেয়া পিচ্চি। দু হাতে ছোটখাটো ম্যাজিক দেখিয়ে চলেছে। আর বিনে পয়সার এরকম ম্যাজিক দেখার সুযোগ পেয়ে বেজায় খুশি কৃষকগুলো।

ক্যাম্পটিভি-তে এসে বাস থেকে নেমে পড়ল সীমা। নিরাপদ দূরত্বে থেকে ওকে অনুসরণ করল পিচ্চি। কোয়ার্টার মাইলের মত হাঁটার পর দাদুর খামার বাড়িতে পৌঁছল ও। ততক্ষণে অন্ধকার ঘনিয়ে এসেছে চারদিকে।

পনেরো

সারাদিন সময় কাটছিল না মাইক শেলডনের। বই পত্র ঘেঁটে, গান শুনে আর কতক্ষণ সময় পার করা যায়। ঘর থেকে বেরোয়নি একদম। বলা তো যায় না, কখন কি বিপদ ঘটে যায়। এখানকার ক্ষুদে ক্ষুদে অধিকাংশ চাইনিজ মানুষদের ভেতরে ওর মত ছ'ফুটি তাগড়া একজন আমেরিকানকে খুব সহজেই চোখে পড়বে সবার। দূর থেকেই দেখতে পেল ও সীমাকে। ইচ্ছে হলো ছুটে বাইরে যায়, অনেক কষ্টে লোভ সম্বরণ করল। গেঞ্জি ঠেলে উঁচু হয়ে আছে ওর লোভনীয় বুক। কামরার ভেতর ঢুকতেই ছুটে গিয়ে দুহাতে নিবিড়ভাবে জড়িয়ে ধরল ওকে। দীর্ঘ সময় ধরে চুমু খেল ওর গালে, ঠোঁটে। 'এ্যাই ছাড়ো তো,' নিজেকে ছাড়িয়ে নিয়ে কাগজ আর সিগারেটের প্যাকেটগুলো এগিয়ে দিল সীমা। 'শোনো, অনেক খবর আছে তোমার জন্যে। আগে শুনে নাও, তারপর খবরের কাগজ পোড়ো।'

টেনে এনে ওকে কোলের উপর বসাল মাইক। কানের কাছে চুমু খেয়ে বলল, 'এবার শুরু করো।'

মি. হার্টের সাথে সাক্ষাৎকার থেকে শুরু করে টাই কিং এর ঘটনা পর্যন্ত সব বলে গেল ও। 'কারা যেন চিয়াং এর লাশটা এনে ফেলে গেছে গাড়ির ভেতরে,' বলল সীমা। 'কাজটা যে ভাবেই যেই করে থাকুক না কেন, এর ফলে খুনের দায় থেকে বেঁচে গেলে তুমি,' খুশি খুশি কণ্ঠে বলল সীমা।

কিন্তু আসল ব্যাপারটা বুঝতে পারল মাইক। কোন সন্দেহ নেই; যেভাবেই হোক পুলিশ জেনে গেছে হীরের ব্যাপারটা। এবং নিশ্চয়ই পুলিশের কোন কর্তা ব্যক্তি তিনি! ঘটনাটাকে এভাবে সাজিয়ে নিয়ে তলে তলে ঠিকই খুঁজছেন মাইককে। পাওয়া মাত্রই ওকে নিকেশ করে দিয়ে হীরেগুলো হাতিয়ে নেয়ার মতলব। কিন্তু এ সবের কিছুই বলল না সীমাকে। এমনিতেই বিপদের মধ্যে জড়িয়ে ফেলেছে মেয়েটাকে। আর অশান্তি বাড়ানোর কোন দরকার নেই। এখন একমাত্র উপায় যত তাড়াতাড়ি সম্ভব এখান থেকে কেটে পড়া। টাই কিং এর সাহায্য নিতে হবে, এ ছাড়া আর কোন পথও নেই মাইকের।

'শোনো মানিক,' সীমার দিকে ফিরল ও। 'আগামী কাল সকালেই তুমি টাই কিং এর সাথে দেখা করবে। ওকে বলবে আগামীকাল রাতে দেখা

করতে। তবে এখানে নয়। তোমার দাদুর কাছে শুনলাম এখান থেকে তিন মাইল পশ্চিমে পুরনো ভাঙ্গা মন্দির আছে একটা। আশা করি তুমিও চেনো। আগামীকাল রাত বারোটা থেকে সাড়ে বারোটার ভেতর ওকে থাকতে বলবে ওখানে। লোকেশনটা বলে দেবে ওকে মুখে মুখে। ওকে বিশ্বাস করতে হবে কিছুটা, এছাড়া উপায়ও নেই।'

চুপচাপ মাইকের কথা শুনে গেল সীমা। ওর মুখ টেনে এবার নিজের দিকে ফেরাল মাইক। চোখে চোখ রেখে বলল 'আমাকে বিশ্বাস কর তুমি, সীমা? যদি বিশ্বাস করে থাকো, তাহলে জেনে রাখো, আই লাভ ইউ।'

কয়েক মুহূর্ত কোন কথা বলল না ও। গভীর দৃষ্টিতে তাকিয়ে রইল মাইকের চোখের দিকে। অনেকক্ষণ ধরে খুঁজল কি যেন। পরক্ষণেই চোখমুখ উজ্জ্বল হয়ে উঠল ওর, মানুষের মুখ মিথ্যা কথা বলতে পারে, কিন্তু তার চোখ কোনদিন মিথ্যে বলে না।

'আমার অতীত যা-ই থাকুক না কেন,' ফের যোগ করল মাইক, 'এই মুহূর্ত থেকেই তোমাকে ভালবাসি আমি, সীমা। একজন প্লেবয় ছিলাম, প্রতারক ছিলাম। কিন্তু এখন আমি একজন প্রেমিক, সীমা। আমার মুখের কথা যদি নাই বুঝো কিন্তু চোখের ভাষা নিশ্চয়ই বুঝতে পেরেছো তুমি।'

হঠাৎ ওকে ভীষণভাবে জড়িয়ে ধরে ডুকরে কেঁদে উঠল মেয়েটা। মাইক গভীর স্নেহে, ভালবাসায় হাত বুলিয়ে দিতে লাগল ওর মাথায়, কাঁধে। স্পষ্ট টের পাচ্ছে ওর চোখের জলে ভেসে যাচ্ছে শার্টের আস্তিন। বাধা দিল না ওকে। কাঁদুক বেচারা। সারা জীবনের বঞ্চনা যদি কান্নায় কিছুটা হলেও ধুয়ে মুছে যায়। বেশ কিছুক্ষণ পর কান্না থামাল ও। তারপর যেন কাঙালের মত বলে উঠল কান্না ভেজা কণ্ঠে, 'আমাকেও তোমার সাথে নিয়ে চলো, মাইক, আমি আর পারছি না এভাবে।'

'হ্যাঁ, আমার সাথে তুমিও যাবে,' বলল মাইক। 'কালই টাই কিংকে জানিয়ে দেব কথাটা।'

ষোলো

পরদিন সকালে টাই কিং এর কাছে রিপোর্ট দিচ্ছিল পিচ্চি। 'ক্যাম্প টিভি মেইন রোড থেকে কোয়ার্টার মাইল দূরে স্যার খামারটা,' বলল ও। 'নিজের চোখে একজন আমেরিকানকে দেখেছি আমি। লম্বা চওড়া।'

পাঁচটা কড়কড়ে ডলার ওর দিকে এগিয়ে দিল টাই। 'ঠিক আছে, ভুলে যা ব্যাপারটা। তোর কাজ এখানেই শেষ। স্রেফ দূর করে দে মাথা থেকে।'

কিন্তু যেতে যেতে চিন্তা করল পিচ্চি, আসলেই মাথা থেকে তাড়ানো উচিত হবে না ব্যাপারটা। নিশ্চয়ই কোন ঘাপলা আছে এখানে। হয়তো আরো বেশি রোজগারের কোন ব্যবস্থা হয়ে যেতে পারে এ থেকে।

পিচ্চি চলে যেতেই নিজের কামরায় বসে সীমার জন্যে অপেক্ষা করতে লাগল টাই। ও জানে এক্ষুনি আসবে মেয়েটা। কেননা এ ছাড়া কোন উপায় নেউ ওদের। মেয়েটার চোখ বলে, আমেরিকানটাকে ভালবাসে ও। সুতরাং ওর মঙ্গল চাইলে তাকে আসতেই হবে। অভ্রান্ত অনুমান ওর। কিছুক্ষণের ভেতরই নক হলো দরজায়। তাড়াতাড়ি উঠে গিয়ে দরজা খুলে দিল টাই। মাথা নীচু করে বো করল সীমাকে। কচি কলাপাতা রং এর মিডি পরেছে মেয়েটা। নিজের অজান্তেই টাই এর চোখ চলে গেল লোভনীয় বুকের দিকে। সত্যিই, দুর্দান্ত বুক মেয়েটার। কিন্তু পরক্ষণেই শাসন করল নিজের দৃষ্টিকে। জোর করে টেনে নিয়ে গেল ওর চোখের দিকে। 'আপনাকে বিশ্বাস করছি আমরা,' কোন রকম ভূমিকা না করেই বলল সীমা। 'মাইকের সাথে আজ রাত বারোটা থেকে সাড়ে বারোটার ভেতর দেখা করবেন আপনি। এখানে শহর থেকে পঁয়ত্রিশ মাইল দক্ষিণে। ক্যাম্প টিভি, ওখানে থেকে আরো দু মাইল পশ্চিমে একটা ভাঙ্গা অব্যবহৃত পুরোনো মন্দির আছে। ওখানে আপনার জন্যে অপেক্ষা করবে ও। অবশ্যই একা যাবেন আপনি।' লোকেশনটা ভাল করে ওকে বুঝিয়ে দিল সীমা।

রাতটা মাইকের অনুকূলেই মনে হলো। টুকরো টুকরো মেঘে ঢাকা পড়ে আছে চাঁদ। চারদিকে আলো আর আঁধারের লুকোচুরি খেলা। আজ আসতে বারণ করে দিয়েছে সীমাকে। এভাবে প্রত্যেক দিন আসলে যে কোন সময় দুর্ঘটনা ঘটে যেতে পারে। তা ছাড়া মাইক জানে হংকং-এর পুলিশ চারদিক

গরু খোঁজা করছে ওকে। এ অবস্থায় রিস্ক যত কম নেয়া যায় ততই মঙ্গল।

সঙ্গে দু'টুকরো হীরে নিল মাইক। কেননা পর্যাপ্ত টাকা পয়সা নেই সাথে অথচ টাই কিংকে নিশ্চয়ই অ্যাডভান্স করতে হবে চার পাঁচ হাজার ডলার। জানে হীরে দু'টোর দাম পাঁচ হাজার ডলারের কম হবে না। ভাঙ্গা মন্দিরটার চারদিকে ঝোপঝাড়। সীমার দাদুর বাইসাইকেলে করে ওখানে পৌঁছে গেল বারোটা বাজার মিনিট দশেক আগেই। ঘন ঝোপের ভেতর সাইকেলটা ঢুকিয়ে মন্দিরের বারান্দায় বসে অপেক্ষা করতে লাগল চীনেটার জন্যে। হঠাৎ বিরাট এক খণ্ড ঘন মেঘ ঢেকে ফেলল চাঁদটাকে। চারদিকে ঘুরঘুট্টি অন্ধকার। দূর থেকে গাড়ির হেড লাইট দেখা গেল। মন্দিরের পাশে এসে থামল টাই কিং-এর ক্রাইসেলার। তাড়াতাড়ি এগিয়ে গিয়ে ওর পাশের দরজা খুলে বসল মাইক। গাড়িটাকে একটা বড় ঝোপের আড়ালে নিয়ে যেতে বলল। তাই করল টাই।

দুজনে মন্দিরের ভেতরে ঢুকল। সময় নষ্ট না করে কাজের কথা পাড়ল মাইক। 'আসলে গত পরশুদিন কোন বন্ধুর জন্যে নয়,' বলল ও। 'নিজের জন্যে তোমার কাছে গিয়েছিলাম আমি। হ্যাঁ একটা পাসপোর্ট দরকার আমার। তারচে' বড় কথা এখান থেকে বেরিয়ে পড়তে হবে আমাকে।'

'ব্যাপারটা কি, স্যার?' জিজ্ঞেস করল টাই কিং। 'এমন কি করে ফেলেছেন যার জন্যে পালিয়ে যেতে হবে আপনাকে!'

একটু চিন্তা করল মাইক। হীরের কথা গোপন রেখে আর সব বলাই ভাল। 'সেদিন সকালে একটা ব্যাপারে, মানে অফিসিয়াল দরকারে তর্কাতর্কি করতে গিয়ে হাতাহাতি বেঁধে যায় আমার আর চিয়াং এর মধ্যে,' বলল সে। 'হঠাৎ ওর ঘাড়ের ওপর সামান্য একটা রদ্দা মারতেই ব্যাটা পটল তোলে। আসলে আমার মারার কোন ইচ্ছেই ছিল না। কিন্তু নিজের আসুরিক শক্তি সম্বন্ধে আমার নিজেরই কোনরকম ধারণা ছিল না।'

মাইকের দিকে এবার উপর থেকে নীচ পর্যন্ত তাকাল লোকটা। দুচোখে প্রশংসা আর শ্রদ্ধা ফুটে উঠল। 'আসলেই স্যার অসাধারণ শক্তিশালী আপনি, দেখলেই বোঝা যায়।'

'যাক যা বলছিলাম,' ফের শুরু করল মাইক। কর্তৃপক্ষ লাশ স্থানান্তর করেছে বললে ব্যাটা সন্দেহ করবে। সুতরাং আমি বুদ্ধি করে বললাম, 'লাশটা শহর থেকে দূরে কোথাও ফেলে রেখে আমার জন্যে এ্যাম্বেসীর গাড়ি নিলাম। কেননা সিডি প্লেট দেখলে পুলিশ থামাবে না ওটা। কিন্তু পথে ডাকাতরা আক্রমণ করল। জান বাঁচিয়ে পালিয়ে গেলাম আমি। কিন্তু পুলিশ ব্যাপারটা ঠিকই বুঝেছে ডাকাতের হাতে মরেনি চিয়াং। তদন্তের স্বার্থে

এরকম প্রচার করছে ওরা। তলে তলে ওরা ঠিকই খুঁজছে আমাকে। এখন বলো আমার জন্যে কি করতে পারবে তুমি? আর হ্যাঁ, আমার সাথে কিন্তু ঐ মেয়েটাও যাবে। ও একেবারেই জানে না কিছু। ওর সাথে এ্যাফেয়ার্স আছে আমার। সেজন্যে সাথে করে নিয়ে যেতে চাই ওকে।'

তীক্ষ্ম মনোযোগের সাথে সব শুনছিল টাই। শোনার পর গভীরভাবে চিন্তা করল কি যেন। 'আমার বড় ভাই থাকে সিঙ্গাপুরে, সে একজন স্মাগলার' বলল সে। 'ওকে খবর পাঠাতে হবে। তারপরে আশা করি দুজনে মিলে নিয়ে যেতে পারব আপনাদের। কিন্তু, স্যার, কাজটা বড়ই রিস্কি। জানমালের ঝুঁকি নিতে হবে আমাদের দুভাইকে।'

'ঠিক আছে, কত চাও তুমি?'

'পঞ্চাশ হাজার ডলার লাগবে।'

শ্রাগ করল মাইক। 'দেখো আমি কোটিপতি নই, সামান্য চাকুরিজীবি। আমাকে কেটে ফেললেও অত টাকা আসবে না। আমেরিকাতে আমার সব মিলিয়ে ব্যাংক ব্যালেন্স বিশ হাজার ডলার! সুতরাং এর বেশি দেয়া সম্ভব নয় আমার পক্ষে।'

'তাহলে স্যার, শুধু শুধু কষ্ট দিলেন আমাকে। অন্য ব্যবস্থা করতে হবে আপনাকে।'

'ঠিক আছে,' অসহায় কণ্ঠে মাইক। 'না হয় বন্ধু বান্ধবদের কাছে ধারকর্জ করে আরো হাজার দশেক দেয়া যাবে। নেহায়েত প্রাণের দায়ে আটকা পড়েছি বলে। জান যদি বা বাঁচে ফতুর হয়ে যাব তারপর।'

'বিপদে পড়েছেন, স্যার,' এমন ভাবে বলল ও যেন দয়া দেখাচ্ছে মাইককে। 'কি আর করা, তাই সই। কিন্তু এখন যে হাজার পাঁচেক এ্যাডভান্স লাগবে।'

'দেখো ক্যাশ টাকা আমার কাছে নেই,' মাইক। 'তবে বেশ কয়েক বছর আগে আমেরিকাতে সস্তা দরে কিছু দামী হীরে কিনেছিলাম। ইচ্ছে ছিল বিয়ের সময় বউকে দেবো। এগুলো নিয়ে এসেছি সাথে করে। দাম চার হাজার ডলারের নীচে হবে না।' বলে পকেট থেকে বার করে হীরের টুকরো দু'টো দিল ওর হাতে।

ভেতরে ভেতরে ভীষণ চমকে উঠলেও মুখের ভাবে তা প্রকাশ করতে দিল না টাই কিং। হীরে সে নিজেও চেনে না। কিন্তু এটুকু বুঝতে পারল এগুলোর দাম আসলেই চার পাঁচ হাজার মার্কিন ডলারের নীচে হবে না। কেননা খুবই উন্নতমানের হীরে এগুলো। সাথে সাথে মাথা চালু হয়ে উঠল ওর। হীরে দুটো পকেটে ঢুকিয়ে নিল সে সাথে সাথে।

'যে কোন জায়গায় এগুলো ভাঙ্গাতে পারবে তুমি,' ফের বললাম আমি। 'তাহলে একথাই রইল। সব ব্যবস্থা করে আগামী কাল সম্ভব হলে নইলে আগামী পরশু এ সময় আমার সাথে দেখা করবে, তুমি, ঠিক এখানে।'

'ঠিক আছে, স্যার,' বলে বিদায় নিল ও।

সতেরো

পরিচিত দুনিয়ার মাত্র দুজনকে সমঝে চলে হংকং এর সিকিউরিটি পুলিশ চীফ কর্নেল হার্ডি। তাদের একজন হচ্ছেন হংকং এর গভর্ণর। আর অপরজন একজন নারী। হংকং-এর ক্রাইম জগতের কিংবদন্তী মিডনাইট ডার্লিং। কর্নেল নিজে কোনদিন চোখে দেখেনি তাকে, তার আসল নামও জানে না তবে এ নারীর কর্মকাণ্ড সম্পর্কে পুরোপুরি ওয়াকিবহাল আছে। পরদিন সকালেই টেলিফোনটা পেল কর্নেল। বিশেষ কোন জরুরি ব্যাপারে তার সাথে দেখা করতে চায় মিডনাইট ডার্লিং। ফাইভ স্টার হোটেল হংকং শেরাটন এ নিজস্ব স্যুইটে সন্ধের সময় তাকে দেখা করার আমন্ত্রণ জানিয়েছে সে। আমন্ত্রণটা গ্রহণ করেছে কর্নেল। দেখাই যাক না কি হয়। প্রথম আগ্রহ, যার সম্পর্কে এমন কিংবদন্তী তাকে একবার চোখে দেখা। কেননা লোকমুখে তাকে নিয়ে বিভিন্ন গুজব শোনা যায়। কেউ বলে সে দেখতে নাকি ভয়ঙ্কর রকম বিশ্রী। এ্যাসিডে গাল মুখ পোড়ানো বীভৎস চেহারা। আবার কেউ বলে, দেখতে ভয়ানক সুন্দরী। এরকম সুন্দরী নাকি কমই দেখা যায়।

কর্নেলের সাথে একান্ত ব্যবসায়িক ব্যাপারে কথা হয়েছে তার। তবে টেলিফোনে কেমন যেন যান্ত্রিক শোনায় তার কণ্ঠ। পুরোপুরি বোঝা যায় না। নিশ্চয়ই ও রিসিভারের স্পীকারে কিছু একটা ব্যবহার করে।

সন্ধ্যা হবার আগেই সেজেগুজে নিজের পার্সোনাল গাড়ি নিয়ে রওনা দিল কর্নেল। সাথে নিল সহকারী ঝাওকেও। সব কাজেই কর্নেলের পাপিষ্ঠ ছায়া সে। রিসেপশনে পৌছেই দেখে স্কীণ টাইট সাদা ইউনিফর্ম পরা দুজন গুরু নিতম্বিনী মেয়ে। মিডনাইট ডার্লিংয়ের অভিজ্ঞ চর। চোখ বুঝল সশস্ত্র ট্রেনিং আছে ওদের এবং দুজনেরই কোথাও লুকানো আছে লোডেড পিস্তল। কর্নেলকে দেখেই এগিয়ে এল মেয়ে দুটো। 'হার হাইনেস অপেক্ষা করছেন আপনার জন্যে, কর্নেল,' স্মার্ট ভঙ্গীতে বলল ওদের একজন। 'তবে আপনাকে একা আসতে হবে।' ঝাওয়ের দিকে ইঙ্গিত করে বলল ও।

একটু অস্বস্তি বোধ করল কর্নেল, কিন্তু মেনে নিল ব্যাপারটা। 'ঠিক আছে,' কাঁধ ঝাঁকাল। ফিরল ঝাওয়ের দিকে, 'তুমি বরং আমি না ফেরা পর্যন্ত এখানেই অক্ষো করো। বসে বসে বীয়ার খেতে পারো।'

ওদের পিছু পিছু লিফটে উঠল কর্নেল। সোজা দ্বিতীয় ফ্লোরে। ওখানকার ভিআইপি স্যুইট নিয়েছে মিডনাইট ডার্লিং। স্যুইটের দরজার দুপাশে আবার দুজন সশস্ত্র সেন্ট্রি। নিরাপত্তার ব্যবস্থা দেখে অবাক হলো কর্নেল। নিজের জন্যেও এরকম ব্যবস্থা সে নেয় কি না সন্দেহ। প্রকাণ্ড বিলাসবহুল স্যুইট। বিলাস ব্যসনে অভ্যস্ত বলেই কর্নেল বুঝতে পারল কি পরিমাণ ধনী ঐ মেয়েটা। 'আপনি অপেক্ষা করুন এখানে' বলল রক্ষীদের একজন। 'এখুনি আসবেন উনি।'

দুগ্ধফেননিভ ডিভানে বসে বসে অপেক্ষা করতে থাকল কর্নেল। হঠাৎ করে খুলে গেল ভেতরের রুমের দরজা। দরজা খুলে যে ঢুকছে তাকে দেখে হাঁ হয়ে গেল কর্নেল। স্কীণ টাইট একটা চামড়ার ট্রাউজার পরেছে মেয়েটা, কালো রং এর। গায়ে তেমনি স্কীনটাইট কালো স্পোর্টস গেঞ্জি। গায়ে একটা বাঘের চামড়ার জ্যাকেট। টাইট পোশাকের দরুন স্পষ্ট হয়ে উঠেছে দেহের বাঁক আর বঙ্কিম রেখাগুলো, উঁচু হয়ে আছে লোভনীয় স্তন জোড়া। গেঞ্জির উপরিভাগ দিয়ে স্পষ্ট দেখা যাচ্ছে বুকের উপরের অনেকটুকু অংশ, স্তনদ্বয়ের উপর দিকের খাঁজ। বুক খোলা স্লীভলেস জ্যাকেটটা যেন অনেক গুণে বাড়িয়ে দিয়েছে ঐ স্তনদ্বয়ের সৌন্দর্য। সম্বিত ফিরে পেতেই উঠে দাঁড়িয়ে মাথার হ্যাট উঁচু করে সম্মান দেখাল কর্নেল।

'আপনি বসুন,' ভুবন মোহিনী হাসি হাসল মেয়েটা। 'আমার নাম লিডিয়া। কিন্তু লোকে চেনে মিডনাইট ডার্লিং হিসেবে।'

এই সেই কিংবদন্তীর মিডনাইট ডার্লিং!

বুকের ভেতর একটা দীর্ঘ নিঃশ্বাস চেপে ডিভানে বসে পড়ল কর্নেল। সামনের একটা সোফায় মুখোমুখি বসল লিডিয়া। 'আমার সৌভাগ্য যে আপনার দেখা পেয়েছি,' কথা বলল কর্নেল। 'এবার দয়া করে বলুন কেন ডেকেছেন।'

'ব্যাপারটা সম্পূর্ণ ব্যবসা সংক্রান্ত,' মৃদু হেসে বলল লিডিয়া। 'অবশ্য তার সাথে ব্যক্তিগত ব্যাপারও আছে। সেটা আপনার না জানলেও চলবে। এর আগেও আপনার কাছ থেকে ব্যবসা সংক্রান্ত সহযোগিতা পেয়েছি। আমার বিশ্বাস এবারও পাবো। হ্যাঁ, একজন আমেরিকানকে নিয়ে ডিল করছেন আপনি। যে তার সহকারীসহ কোথাও পালাতে গিয়ে অপহৃত হয়েছে। কিন্তু আমার গোয়েন্দা শাখা সম্পূর্ণ অন্য ধরনের রিপোর্ট দিয়েছে। ওরা জানিয়েছে বাংলোতেই নিজের সহকারীকে খুন করেছে ও।'

ভীষণভাবে চমকে উঠল কর্নেল। বাঁকা চোখে তাকিয়ে তার ঐ চমকে ওঠাটা উপভোগ করল লিডিয়া। 'যাহোক, আমার সূত্র বলে, নিজের

বাংলোতে কিছু একটা আবিষ্কার করে মাইক যা দেখে ফেলে ঐ চিয়াং। যার কারণে মরতে হয় ওকে। মাইক লোকটা আদতে খুনি নয়। অতগুলো হীরে পাবার লোভ সামলাতে পারেনি। সম্ভবত নিজের দৈহিক শক্তি সম্পর্কে নিজের ধারণা ছিল না ওর। বেমক্কা ঘাড় চেপে ধরায় মরে গেছে চিয়াং। সে যাই হোক, পুরো ব্যাপারটা ঠিকই আঁচ করে নেন আপনি এবং বুদ্ধি করে বর্তমান প্রেক্ষাপট সাজান। বর্তমানে হীরেগুলো নিয়ে কোথাও পালিয়ে আছে মাইক। হংকং-এ-ই। কিন্তু আপনি আণ্ডারএস্টিমেট করছেন ওকে। লোকটা যেমন শক্তিশালী তেমনি সাহসী এবং ক্ষুরধার বুদ্ধির অধিকারী। আমি বাজী রেখে বলতে পারি তার খোঁজ বার করা আপনার সাধ্যে নেই। এক সময় মার্কিন আর্মি ইন্টেলিজেন্সে ছিল সে। ওর মত একজন সহকারী পেলে খুশি হতাম আমি। সে যাক, এখন তাকে ধরার ব্যাপারে আমি সাহায্য করতে পারি আপনাকে, দু'টো শর্তে। প্রথম শর্ত হলো, মাইকের কাছে পঞ্চাশ মিলিয়ন ডলার মূল্যের হীরে আছে। অত টাকা আপনি একা হজম করতে পারবেন না। তার অর্ধেক আমার চাই। দ্বিতীয় শর্ত, তাকে নিঃশর্ত ভাবে আমার হাতে তুলে দিতে হবে।'

মনে মনে গোটা পরিস্থিতিটা চিন্তা করল কর্নেল। প্রতিটি কথায় যুক্তি আছে মেয়েটার। আইনের বাধ্যবাধকতা মেনে চলতে হয় তাকে আর মেয়েটাকে তা করতে হয় না। আর সবচে' বড় কথা মেয়েটার চীফ ওয়ার্কররা যে কত শক্তিশালী তার প্রমাণ তো সে এখনই পেল। এতে কোন সন্দেহ নেই যে গবেট পুলিশগুলো মাইককে খুঁজে পাবার অনেক আগেই ওরা বার করে ফেলবে ওকে। তখন আমও যাবে ছালাও যাবে।

সোফা ছেড়ে এবার কর্নেলের পাশে ঘণিষ্ঠ হয়ে বসল লিডিয়া। একটা হাত তুলে নিল কোলের উপর। ওর কোমল দেহের স্পর্শ পেয়ে ভেতরে ভেতরে চঞ্চল হয়ে উঠল কর্নেল। 'দেখুন এ ব্যাপারে আমাকে ছাড়া যেমনি আপনি অচল,' বলল লিডিয়া মিষ্টি কণ্ঠে, 'তেমনি আপনাকে ছাড়াও বেশ অসুবিধেই হবে আমার। মনে হয় আপনার ভাবার কিছু নেই।'

'আমি রাজী,' বলে কোলের উপর থেকে হাতটা নিয়ে আলতো করে ওর কোমর জড়িয়ে ধরল কর্নেল। সাহস পেয়ে আরো উপরে উঠে গেল হাত। এবারও কোন বাধা দিল না মেয়েটা। জ্যাকেটের ভেতর দিয়ে হাত চালিয়ে দিয়ে ওর স্তনজোড়া স্পর্শ করল কর্নেল। তারপর গেঞ্জির ভেতর দিয়ে হাত ঢুকিয়ে দিল বুকের ভেতর। ভেতরে ব্রা পড়েনি মেয়েটা। হাত দিয়েই কর্নেল বুঝল বিশাল সুগঠিত স্তনদ্বয়ের উপর কোন ফলস আবরণ নেই। হাতের মুঠোয় পুরে নিল ও স্তনবৃন্ত। কিছুক্ষণ স্তন দু'টো নিয়ে খেলা

করল কর্নেল। সমর্থনের ভঙ্গীতে চুপ করে বসে থাকল লিডিয়া।

এবার বুকের উপর থেকে সরিয়ে মেয়েটার কোমরের কাছে হাত নিয়ে এল কর্নেল। স্কীণ টাইট ট্রাউজারের ভেতর উঁচু হয়ে আছে দু'উরুর সন্ধিস্থল। সাবধানে ট্রাউজারের বোতাম খুলল কর্নেল। টান দিয়ে নামাল জিপার। ভেতরে প্যান্টি। ইলাস্টিক প্যান্টির ভেতর দিয়ে হাত ঢুকিয়ে দিল। কর্নেলের আঙুলগুলো সর্পিল গতিতে ঘোরাফেরা করতে লাগল লোমাবৃত ফুলে থাকা ত্রিকোণ মাংসপিণ্ডটার উপর।

এমন সময় হঠাৎ করে নিজেকে বিচ্ছিন করল লিডিয়া। 'যথেষ্ট হয়েছে, কর্নেল,' ট্রাউজারের জিপার টেনে বন্ধ করতে করতে বলল ও। 'শুনেছি অসম্ভব কামুক লোক আপনি, কিন্তু এতটা জানতাম না।' কর্নেলের ফ্যাকাশে চেহারার দিকে তাকিয়ে মিষ্টি হাসল ও। 'ভয় পাবেন না। এবারের মত ক্ষমা করা গেল।'

'আমি উঠি,' জিভ দিয়ে শুকনো ঠোঁট চাটতে চাটতে উঠে দাঁড়াল কর্নেল।

'হ্যাঁ, আসুন আপনি। আর সময় হলে আমি ফোন করব আপনাকে।'

কোন উত্তর না দিয়ে মাথা নীচু করে কামরা থেকে বেরিয়ে গেল কর্নেল। জাঁদরেল লোকটার দুরাবস্থা দেখে হাসি পেল লিডিয়ার।

আঠারো

টেলেক্স পাবার সাথে সাথে চলে এসেছে টাই কিং এর ভাই চাই কিং। দুজনেই পিঠেপিঠি বয়সের। দুপুরে দুজনেই খেতে বসেছে এক সঙ্গে। বউকে এর ভেতরে টেনে আনেনি টাই কিং। সিঙ্গাপুরে একটা স্মাগলার দলের সদস্য চাই কিং। কিন্তু দিনকাল ভাল যাচ্ছে না তার। আজকাল অনেক সক্রিয় হয়ে উঠেছে পুলিশ। তারপর যা আয় করে তার বেশির ভাগই চলে যায় পুলিশের রাঘব বোয়ালদের পেছনে। কাজে আর আগের মত মন দিতে পারছে না বেচারা। প্রায়ই ইচ্ছে করে ও কাজ ছেড়ে দিয়ে অন্য কোন ধান্ধায় নামে। অথচ স্মাগলিং-এ একবার যে জড়িয়ে যায় তার আর নিস্তার নেই মরনের আগ পর্যন্ত। দল ছাড়লে বাকী সদস্যরা তাকে আর বাঁচতে দেবে না। এখানে বেঈমানীর একমাত্র সাজা মৃত্যু। অথচ অনেক টাকা থাকলে পালিয়ে যাওয়া যেত সিঙ্গাপুর ছেড়ে। দূরে, অনেক দূরে এমন কোথাও যেখানে নিরাপদ ও। চাই কিং দেখেছে এখানে বেশ সুখেই আছে তার ভাই। বেশ মোটাসোটা হয়েছে, ব্যবসাটাও জাঁকিয়ে বসেছে। টাই কিং লক্ষ করেছে একেবারেই শুকিয়ে গেছে তার ভাই। বুঝল আর্থিক, মানসিক কোন দিক দিয়েই সুখে নেই বেচারা। টাই এর ব্যক্তিগত কেবিনে বসে লাঞ্চ সেরে নিল ওরা। 'তা কি জন্যে ডেকেছিস আমাকে, বল?' একটা সিগার ধরিয়ে জানতে চাইল চাই।

সব কথা খুলে বলল টাই কিং। পকেট থেকে বের করে দেখাল হীরে দুটো। হীরে খুব ভাল চেনে চাই। নিজেও একসময় কাজ করেছে জুয়েলারীতে। বুঝতে পারল হীরে দুটোর দাম কম করেও সাত হাজার ডলার। হঠাৎ কি মনে পড়তেই চোখ দুটো জ্বল জ্বল করে উঠল চাই-এর। ভাল করে দেখতে লাগল হীরের টুকরো দুটো। দুটো টুকরোই কাজ করা, একই ধরনের। ভাইকে একটা ম্যাগনিফাইং গ্লাস আনতে বলল চাই। ওটা দিয়ে হীরের গায়ে খোদাই করা একটা সংকেত দেখতে পেল। 'এইচ' লেখা।

'আমার দৃঢ় বিশ্বাস,' উত্তেজিতভাবে বলল চাই। 'ঐ আমেরিকানটা কোন না কোন ভাবে খুঁজে পেয়েছে মার্শাল হোয়াং চি মিনের হীরেগুলো। এই দেখ, হীরেগুলোর গায়ে 'এইচ' খোদাই করা আছে। আমি খ্যাতনামা

জুয়েলারদের কাছ থেকে শুনেছি এ কথা। তার উপর তুই বলেছিস যে, নিজের সহকারীকে খুন করেছে লোকটা। বুঝতে পারছিস, কেন করেছে কাজটা? একেবারেই পানির মত পরিষ্কার। তার জায়গায় যে কোন লোক হলে একই কাজ করত।'

হীরেগুলোর দাম জানিস?' জিজ্ঞেস করল টাই। লোভ চোখ চক চক করছে।

চেয়ারে হেলান দিয়ে চোখ বুজল চাই কিং। 'আমি শুনেছি পঞ্চাশ মিলিয়ন ডলার,' অস্ফুটে বলল ও। 'সাত রাজার ধন! একটু বুদ্ধি করে চললে রাজার রাজা হয়ে যাব দুজনে।'

'তা কি করবি এখন?'

'শোন আমার মাথার একটা প্ল্যান এসেছে,' বলে চলল চাই। 'তুই তো জানিস, লোকটা কোথায় থাকে। ইচ্ছে করলে দলবল সহ আমরা তাকে আক্রমণ করে হীরেগুলো উদ্ধার করতে পারি। কিন্তু এর সবচে' বিপদজনক দিক হচ্ছে এখানকার পুলিশ হন্যে হয়ে খুঁজছে এগুলো। স্বয়ং চীফ কর্নেল চাচ্ছে ওগুলো। সুতরাং আমরা এগুলো নিয়ে পালাতে পারব না। জানের রিস্ক হবে সেটা। এখন আমাদের উচিত হবে লোকটাকে সাহায্য করা। এখান থেকে সঙ্গে করে হীরেগুলো সিঙ্গাপুরে নিয়ে যাবে সে। সমস্ত রিস্ক তার। ওখানে পৌঁছার পর দালালসহ তাকে মেরে ওগুলো নিয়ে নেব আমরা।

'কি ভাবে তাকে পাচার করব তাও ভেবে রেখেছি। কোন পাসপোর্টের দরকার নেই। আগামীকাল রাতে এখান থেকে হেলিকপ্টারে করে হেরোইনের চালান যাবে একটা। পাইলটকে হাজার দু'য়েক ডলার ধরিয়ে দিলেই ওদের নিতে কোন আপত্তি করবে না সে। সুতরাং তুই আজ রাতেই দেখা কর ঐ আমেরিকানটার সাথে। ওকে বল সব কথা। আর হ্যাঁ, সাবধান, লোকটা যেন কিছুই টের না পায়। সম্ভব হলে আরো কিছু টাকা অ্যাডভান্স দাবী করিস। লোকটা নিশ্চয়ই টাকার বদলে হীরে দেবে। তাহলে আমরা ওভার শিওর হতে পারব।'

'লোকটা কিন্তু ভয়ঙ্কর শক্তিশালী,' বলল টাই কিং। 'সিঙ্গাপুরে ওকে কব্জা করা কঠিন হবে। তার উপর আবার সঙ্গে মেয়েও থাকে একটা। খুব সহজ হবে না কাজটা!'

'একটা রাম বোকা তুই,' সবজান্তার হাসি হাসল চাই। 'কি করে ভাবিস যে বিনা কষ্টেই পঞ্চাশ মিলিয়ন ডলার রোজগার করব? এখন যা, ঘুমের ব্যবস্থা কর আমার। একটা ঘুম দিয়ে নেই আরাম করে। তারপর কাজে

নামবো।'

এ্যামবাসীতে গিয়ে হতাশ হলো ক্যাপ্টেন পিটার। মাইকের একজন বান্ধবী আছে, এরকম একটা কথা বলেছিল ড্যান ওয়েন। অথচ মেয়েটার নাম ঠিকানা নেয়নি। ওর চরিত্রের একটা দিকই হচ্ছে সময় মত ঠিক কাজটি না করা। যেমন, উচিত ছিল, মাইকের বাবুর্চি জনের একটা সাক্ষাৎকার নেয়া সাথে সাথেই। অথচ কিছুক্ষণ আগেও জানতে পেরেছে কে যেন গাড়ি চাপা দিয়ে মেরে ফেলেছে বুড়ো লোকটাকে। এখন এ্যামবাসীতে এসে জানতে পারল দু'দিনের ছুটি নিয়েছে ড্যান। বাসায় তথা ফ্ল্যাটে গিয়ে পেল না ওকে। ফের অফিসে এল। প্রেস অফিসার জনসন এবার কাছে ডাকল ক্যাপ্টেনকে। 'আমি অনুমান করছি কোথায় থাকতে পারে ড্যান,' বলে অনীতার নাম, ঠিকানা ওকে দিল জনসন। জনসনকে ধন্যবাদ দিয়ে খুশি মনে এ্যামবাসী থেকে বেরিয়ে এল। একটা বারে বসে লাঞ্চ সারল। বেলা এখন দুটো। সময় নষ্ট না করে অনীতার ফ্ল্যাটের উদ্দেশ্যে রওনা দিল পিটার।

দিবা নিদ্রার আয়োজন করছিল তখন মেয়েটা, এমন সময় দরজায় নক্ করল পিটার। দরজা খুলে দিল অনীতা। 'কাকে চাচ্ছেন?' অবাক হলো ও অপরিচিত একজন আমেরিকানকে দেখে।

'আমি ইউ এস আর্মির ক্যাপ্টেন পিটার,' নড করে বলল সে। 'এবং এ্যামবাসীর ড্যান ওয়েনের বন্ধু। ড্যান আছে নাকি এখানে?'

'ওহ্, ওয়েনের বন্ধু আপনি,' দরজা থেকে সরে দাঁড়াল ও। 'আসুন, ভেতরে আসুন। আমি অনীতা।'

ভেতরে ঢুকে মেয়েটার দিকে ভাল করে তাকাল পিটার। উরু পর্যন্ত কাটা একটা চিয়াংসাম পরেছে ও। লোভনীয় ফিগার মেয়েটার। পিটারকে বসতে বলে নিজেও বসল মুখোমুখি। চিয়াংসামের কাটা জায়গা দিয়ে স্পষ্ট দেখা যাচ্ছে মেয়েটার ধবধবে ফর্সা, সুগোল, নির্লোম উরু। অনেক কষ্টে ওখান থেকে চোখ সরিয়ে আনল পিটার। 'ড্যান আছে নাকি?' জিজ্ঞেস করল ও।

'না, তবে বিকেলের ভেতর আসার কথা,' মিষ্টি হেসে বলল অনীতা। 'অসুবিধে না থাকলে বসতে পারেন। না কি তাড়া আছে?'

পারলে পিটার জোর করে এখানে থেকে যায়। 'না, হাতে তেমন কোন কাজ নেই, আপনার যদি কোন সমস্যা না হয়, আমি বরং এখানে একটু অপেক্ষা করতে পারি ড্যানের জন্যে,' বিনীত কণ্ঠে বলল ও।

'দিবা নিদ্রা দিতে যাচ্ছিলাম,' বলল অনীতা। 'স্রেফ করার মত তেমন কিছু নেই বলে। ভালই হলো, আপনি এলেন। বেশ আড্ডা দেয়া যাবে। তা আপনার কথা বলুন এবার।'

'এই তো চাকুরি করা ছা পোষা মানুষ। ক'দিন হলো একটা ব্যাপারে তদন্ত করতে এসেছি এখানে। কাজ শেষ হলে আবার ফিরে যাব দেশে। ব্যাচেলর।'

'মনের মানুষ আছে নিশ্চয়ই,' চোখ মটকে বলল অনীতা।

'তেমন কেউ নেই,' মৃদু হাসল পিটার। 'কিন্তু ড্যান তো দেখছি ভাগ্যবান। আপনার মত এক সুন্দরী মেয়েকে পেয়েছে।'

'আসলে বন্ধু আমরা,' মোহিনী হাসি হেসে বলল মেয়েটা। 'আমি একা মানুষ। বছর খানেক হলো হাজব্যাণ্ডের সাথে ছাড়াছাড়ি হয়ে গেছে। একাই আছি। ড্যানের সাথে পরিচয় বেশি দিন হয়নি। দিন তিন চারেক হলো আর কি।' কপাল ভাল থাকলে একটা কিছু হয়েই যেতে পারে আজ। ভাবল পিটার। 'তা আমি কি বন্ধু হবার যোগ্যতা অর্জন করেছি তোমার?' সাহস করে জিজ্ঞেস করে ফেলল ও।

'আমার পক্ষ থেকে কোন আপত্তি নেই,' স্পষ্ট আমন্ত্রণের হাসি অনীতার ঠোঁটে। 'স্ট্রেঞ্জারদের খুব লাইক করি আমি। তোমার জন্যে এককাপ কফি নিয়ে আসি, কেমন?'

সম্মতি জানাল পিটার। গুরু নিতম্বে ঢেউ তুলে ভেতরে চলে গেল মেয়েটা। কাজকর্মের কথা ভুলে গেল পিটার। সারা শরীর গরম হয়ে উঠেছে ওর। আজ দু'দিন হলো হংকং-এ এসে পৌঁছেছে। এখন পর্যন্ত কোন মেয়ের সান্নিধ্য কপালে জোটেনি। ইচ্ছে করলে গণিকাদের কাছে যেতে পারত। অত নীচ হতে পারেনি আজও।

কিছুক্ষণের ভেতর দুকাপ কফি নিয়ে ফিরে এল অনীতা পাশাপাশি বসল দুজনে। কফি খেতে খেতে মুগ্ধ দৃষ্টিতে মেয়েটার দিকে তাকাল পিটার। আসলে এশিয়ার মেয়েদের সৌন্দর্য্যই আলাদা। জনসন ওকে বলেছে মেয়েটা ভারতীয়। কাঁচা হলুদের মত গায়ের রং অনীতার। এক মাথা কোঁকড়ানো চুল। মেয়েটার কাছে আরো ঘনিষ্ঠ হয়ে বসল পিটার, গায়ের সাথে গা' লাগিয়ে। 'তুমি ভারতীয়, তাই না?'

'হ্যাঁ, ভারতীয় কালো মেয়ে। তোমাদের মত সাদা চামড়া না, বুঝতেই পারছো।'

'যে তোমাকে কালো বলে চোখে ছানি পড়েছে তার,' বলল পিটার। 'কাঁচা সোনার মত ত্বক, অপূর্ব সুন্দরী তুমি,' মুগ্ধ আবেশে বলল ও।

'মেয়েদের মন ভোলানো কথা তো দেখি ভালই জানা আছে,' মিষ্টি কটাক্ষ হেনে বলল অনীতা। 'মেয়ে পটানোর বিদ্যা শেখায় বুঝি তোমাদের আর্মিতে?'

'মন থেকে যা এল বললাম,' বলে আলতো করে মেয়েটার নগ্ন উরুর উপর হাত রাখল ও। বাধা দিল না অনীতা। পিটারও বুঝল সম্মতি আছে। ব্যায়াম করা পেশীবহুল শরীর ওর। ভুরিঅলা ড্যান যদি চান্স পায় তো তার দোষ কি?

উরু থেকে হাত আরো উপরে উঠালো ও। প্যান্টির উপর দিয়ে হাত বুলোলো ত্রিকোণাকৃতি মাংসপিণ্ডটার উপর। প্যান্টির ইলাস্টিকের ভেতর দিয়ে হাত ঢুকিয়ে দিল। ওর হাতের আঙ্গুলগুলো সরীসৃপের মত ঘুরে বেড়াতে লাগল মেয়েটার উঁরু সন্ধির চারদিকে। একটা আঙ্গুল দিয়ে আস্তে করে খোঁচা দিল।

প্যান্টির ভেতর থেকে হাত বের করে তলপেটের পেলব মসৃণ ত্বকের উপর দিয়ে বুলোতে বুলোতে নিয়ে এল বুকের উপত্যকায়। ওর হাতের স্পর্শ পেয়ে খাড়া হয়ে উঠল মেয়েটার স্তনাগ্র। হাতের থাবা দিয়ে পিটার চাপতে লাগল ওর ভরাট স্তনজোড়া।

এবার অনীতার সামনে হাঁটু গেড়ে বসল ও। তাকাল ওর চোখের দিকে। দেখল দুচোখে স্পষ্ট আমন্ত্রণ। আর প্রশ্রয়ের হাসি। চিয়াংসামের কোমরের ফিতেয় হাত রাখল ও। ফিতে দিয়ে বাঁধা ডাবল হার্টের ফুলটা খুলে ফেলল। যত্নের সাথে খুলল চিয়াংসামের টিপ বোতামগুলো। নিজেই দু'হাত গলিয়ে চিয়াংসাম খুলে ছুড়ে ফেলল ও। অনীতার পরণে এখন লাল ব্রা আর প্যান্টি।

সোফা ছেড়ে উঠে দাঁড়াল ও। কাঁচা হলুদের মত গায়ের ত্বকের সাথে আগুন রং প্যান্টি আর ব্রা কেমন যেন একটা ধাঁধাঁ লাগাল পিটারের চোখে। দুর্দান্ত দেহ বল্লরী মেয়েটার। মসৃণ পেলব বাহু। ব্রার বাঁধন ছিঁড়ে ফুঁসে বেরিয়ে আসতে চাইছে পিনোন্নত পয়োধর। সিংহীর মত চিকন কোমর। সরু ফুটোর মত নাভী দেশ। কলা গাছের মত মসৃণ নির্লোম, একজোড়া পেলব উঁরু। বিশাল, ভারী নিতম্ব আর সুগঠিত একজোড়া পা।

অনীতা এগিয়ে এসে এক এক করে খুলে দিল পিটারের শার্টের বোতামগুলো। শার্টটা খুলে ছুঁড়ে ফেলল ঘরের এক কোণে। মুগ্ধ দৃষ্টিতে তাকাল পিটারের চিতানো বুক আর পেশীবহুল বাহুর দিকে। নিজের হাতে প্যান্টের বোতাম খুলে জিপার নামিয়ে ওটা খুলে নিল মেয়েটা। অর্ধ নগ্ন দুই মানব মানবী জড়িয়ে ধরল পরস্পরকে। মেয়েটার আঠালো ঠোঁটের উপর

দীর্ঘক্ষণ চুমো খেল পিটার। একটু সরে এসে কাঁধের উপর ব্রা'র স্ট্রাপে হাত রাখল ও। খুলে নিল স্ট্র্যাপ। টান মেরে খুলে ফেলল ব্রা। ফুঁসে বেরিয়ে এল একজোড়া ফর্সা ধবধবে স্তন। ঝুঁকে স্তনের লালচে বোঁটায় চুমু খেল পিটার। ফের হাত রাখল তলপেটে, নীচে আরো নীচে। খামচে ধরল। সজোরে আবার ওকে জড়িয়ে ধরে ঠেলতে ঠেলতে এনে শুইয়ে ফেলল ডিভানের উপর, চিত করিয়ে।

নিজেও কাত হয়ে শুয়ে পড়ল নগ্ন দেহটার পাশে। নিজের আণ্ডার ওয়্যারটা খুলে ফেলল সেই সাথে। টেনে নামিয়ে দিল অনীতার হ্লাস্টিকের প্যান্টিটা। এক পা দিয়ে আঁকড়ে ধরল মেয়েটার বিশাল থামের মত উরু। এক হাত পিঠের নীচে দিয়ে বগলের ভেতর দিয়ে বুকের উপর এসে থাবার ভেতর নিয়ে নিল একটা স্তন। অন্য হাত ঘুরে বেড়াতে লাগল দু'উরুর সন্ধিস্থলে তলপেটে, নাভীতে, স্তনদ্বয়ের উপত্যকায়। মুখ দিয়ে চেটে চলেছে মেয়েটার গাল, ঠোঁট, চিবুক, ঘাড় আর বগলের রোমাবৃত খাঁজ।

তারপর উল্টোদিকে কাত হয়ে শুলো পিটার। বিশাল নিতম্ব সমেত দু হাতে জড়িয়ে ধরল পেলব উরুদ্বয়। নাক মুখ ঘষতে থাকল। শীৎকারে কেঁপে কেঁপে উঠতে থাকল মেয়েটার নগ্ন দেহ।

এবারে অনীতার শরীরের ওপর উঠে এল পিটার। নানানভাবে ওকে শৃঙ্গার করে উত্তেজনার চরমে তুলে দিয়ে শেষে নরম শরীরে প্রবেশ করল সে। সঙ্গম শেষে বাথরুমে ঢুকল পিটার । বাথরুম থেকে গা ধুয়ে শার্ট আর ট্রাউজার পরে ভদ্রস্থ হয়ে সোফার উপরে বসল। এরপর নগ্ন দেহে ছন্দ তুলে বাথরুমে গেল অনীতা। ঠিক এ সময় নক্ হলো দরজায়। এই প্রথম ধক্ করে উঠল পিটারের বুক। মনে পড়ল জরুরি একটা ব্যাপারে ড্যানের জন্য অপেক্ষা করছে সে। তাড়াতাড়ি উঠে দাঁড়িয়ে দরজা খুলে দিল পিটার। দেখে, ঘর্মাক্ত শরীরে দাঁড়িয়ে আছে ড্যান। 'আরে পিটার, তুই এখানে,' নিখাদ বিস্ময়ের সাথে জিজ্ঞেস করল ড্যান। 'ঠিকানা পেলি কোত্থেকে?'

'তোদের এ্যামবাসীর জনসনের কাছ থেকে,' বলল ও। 'সেই কখন থেকে ওয়েট করছি তোর জন্যে, জরুরি একটা ব্যাপারে আলাপ করতে।'

'অনীতার সাথে নিশ্চয় আলাপ পরিচয় হয়েছে তোর,' ভেতরে ঢুকে সোফায় বসতে বসতে বলল ড্যান। 'তা কোথায় গেল মেয়েটা?'

'আমাকে বসিয়ে রেখে কিছুক্ষণ হলো ভেতরে গেছে,' নিরীহ কণ্ঠে জবাব দিল পিটার।

'এই ফাঁকে তোর কথা সেরে ফেল,' পরামর্শ দিল ও।

খাসা বলেছিস। আমার প্রথম প্রশ্ন কেমন ধারা লোক ছিল এই

মাইকেল? তোর সাথে তো নাকি বন্ধুত্ব ছিল বেশ।'

'এখানে চমৎকার ছিল ও,' বলল ড্যান। 'আমেরিকায় প্লেবয় ছিল। এখানে এমন কি মেয়েদের সাথেও তেমন মেলামেশা করতে দেখিনি আমি। কাজ নিয়েই ব্যস্ত থাকত সারাক্ষণ। কারও সাতে পাঁচে ছিল না।'

'পুলিশ বলেছে, কোন ক্রাইম অর্গানাইজেশনের সাথে নাকি সে জড়িত। বেআইনী দ্রব্যাদি পাচার করার জন্যে তোর গাড়ি নিয়েছিল নাকি ও।'

'বাস্টার্ড পুলিশ' রাগের সাথে বলল ড্যান। 'আমি বাজি রেখে বলতে পারি এরকম কোন কাজ করার মত লোক না মাইক। এটা স্রেফ ঐ হারামজাদাদের মনগড়া কাহিনী।'

'তুই বলেছিলি ঘটনার দিন রাতে ওর সাথে একটা মেয়ে ছিল,' বলল পিটার। 'ওর নাম ঠিকানা বল। মেয়েটার সাথে দেখা করা দরকার।'

'ওর নাম সীমা,' প্রশংসার সুরে বলল ড্যান। 'মাইকের ফিঁয়াসে। ভারতীয় মেয়ে, দেখতে দুর্দান্ত সুন্দরী, দোস্ত। আলাপ করে আয় একবার। মেয়েটার কপাল খারাপ,' আক্ষেপ করল ড্যান। 'খোদাই জানে বেঁচে আছে কিনা মাইক।' 'আমি তাহলে এখন চলি দোস্ত,' বলে উঠে দাঁড়াল পিটার। 'অনীতাকে বলিস্ পরে আসবো আবার।'

সেদিন বিকেলে লিডিয়ার ফোন পেল কর্নেল। 'শুনুন কর্নেল,' রিসিভারে তীক্ষ্ণ কণ্ঠ ভেসে এল লিডিয়ার। 'ক্যাসিনোতে মাইকের পি এস ছিল। একজন ভারতীয় মেয়ে, নাম সোনিয়া। তবে আসল নাম সীমা রামারাও। নাম ভাঁড়িয়ে এখানে আছে। আমরা তদন্ত করে জেনেছি ঘটনার দিন রাতে মাইকের সাথে ছিল ও। অবস্থা দৃষ্টে মনে হচ্ছে দুজনেই প্রেমের বাঁধনে বাঁধা পড়েছে। প্লেবয় মাইকের প্রেমে হাবুডুবু খাচ্ছে মেয়েটা। প্লেবয়টাও প্রেমে পড়েছে। যাহোক মেয়েটা ওকে সাহায্য করছে নিঃসন্দেহে। সে নিশ্চয়ই জানে কোথায় আছে মাইক। আপনি সময় নষ্ট না করে যে ভাবেই পারুন ধরে আনুন মেয়েটাকে। সেই আমাদের বলে দেবে কোথায় আছে মাইক। আর না বললেও ক্ষতি নেই। মাইকের চরিত্র আমি যতটুকু জানি প্রেমিকাকে বাঁচাতে সব কিছু ভুলে ছুটে আসবে সে।' কথা শেষ করে কর্নেলকে কিছু বলার সুযোগ না দিয়ে রিসিভার নামিয়ে রাখল ও। সোনিয়া বা সীমা নামের মেয়েটার প্রতি লিডিয়ার প্রচণ্ড ঘৃণা দেখে অবাক হয়ে গেল কর্নেল। কেনই বা দুজনের উপর এত ক্ষিপ্ত মেয়েটা? কেন প্রতিশোধ নিতে চায় মাইকের উপর? ভেবে কোন কিনারা পেল না কর্নেল।

সময় নষ্ট না করে সাথে সাথে ইন্সপেক্টরকে ডেকে পাঠাল কর্নেল।

'এখুনি একটা ওয়ারেন্ট ইস্যু করিয়ে নাও নিউ হ্যাভেন ক্যাসিনোর পিএস টু দি ম্যানেজার সোনিয়া রামারাও এর নামে,' কঠোর কণ্ঠে হুকুম দিল কর্নেল। 'যেভাবেই পারো, ধরে নিয়ে এসো তাকে সোজা আমার কাছে।'

উনিশ

তিন নাম্বার চিংহুয়া রোডের ফ্ল্যাট বাড়িতে একই সময়ে পৌঁছল ক্যাপ্টেন পিটারের গাড়ি আর ইন্সপেক্টর ওয়াং এর জীপ। 'কি ব্যাপার, ক্যাপ্টেন, আপনি এখানে?' অবাক হয়ে প্রশ্ন করল ওয়াং। মনে মনে ভাবল এ আবার কোন্ ফ্যাসাদ।

'না, তেমন কিছু না,' বলল পিটার। 'ড্যান এর কাছে জানতে পারলাম মাইকের এক বান্ধবীর কথা। ভাবলাম একটু আলাপ করে আসি। তা আপনি?'

গ্রেফতারের কথা গোপন করে গেল ওয়াং। 'আমিও আপনার মত একই উদ্দেশ্য নিয়ে এসেছি।' মনে মনে ঠিক করল পিটার চলে যাবার পর কাজটা সারবে ও।

গেটের কলিংবেল টিপতেই বেরিয়ে এল বুড়ি ঝি। জানালো, কোথায় যেন বেরিয়ে গেছে সোনিয়া। কখন ফিরবে তার কোন ঠিক নেই। জবাব শুনে ব্যর্থ মনোরথ হয়ে চলে গেল পিটার। ও যাবার পর দুজন সাদা পোশাক পরা পুলিশ মোতায়েন করে গেল ওয়াং। ওদের হুকুম দিল যখনই ফিরে আসে, সাথে সাথে যেন ওয়ারলেসে তার সাথে যোগাযোগ করা হয়। আর ওর ফিরে না আসা পর্যন্ত এক মিনিটের জন্যেও চোখ ফেরানো চলবে না ফ্ল্যাটের উপর থেকে।

যাকে নিয়ে এত জল্পনা কল্পনা সেই সীমা তখন পরিচিত একটা মন্দিরে এসেছে। মাইকের জন্যে আজ সারাদিন উপবাস করেছে মেয়েটা। ধর্ম কর্ম কোনদিনই তেমন করেনি ও। অথচ আজ কেন যেন মনে হলো প্রার্থনা করা দরকার। লাল পাড়ের একটা গরদের শাড়ি পরেছে ও। সাথে লাল ব্লাউজ। কপালে কুমকুমের টিপ। শান্ত আত্মসমাহিত দেবীর মতই দেখাচ্ছে ওকে। হৃদয়ের অন্তস্থল থেকে কেমন যেন একটা অশনি সংকেত পাচ্ছে মেয়েটা। মন্দিরের সামনে থেকে একগুচ্ছ ফুল কিনে নিয়েছে ও।

মন্দিরের ভেতর ঢুকে বেদীতে ফুলগুলো রাখল ও। মূর্তির চারদিকে ধুপ ধুনো জ্বলছে। চোখ বন্ধ করে করজোড়ে অনেকক্ষণ ধরে পুজো করল মেয়েটা। প্রার্থনা করল, 'হে ঠাকুর, মাইকের সব বিপদ তুমি আমার ঘাড়ে

দিয়ে দাও। ওকে এ বিপদ থেকে উদ্ধার করো। ও নির্দোষ। মনে প্রাণে ও আমার স্বামী, আরাধ্য দেবতা। ওকে তুমি রক্ষা করো, ঠা ও যেন নিরাপদে এ দেশ থেকে নিজের দেশে ফিরে যেতে পারে। আমার প্রার্থনা তুমি কবুল করে নাও, ঠাকুর।' বিড়বিড় করে বলার সময় ওর ' বেয়ে অঝোর ধারায় পানি পড়তে লাগল। ভিজে গেল গাল।

প্রার্থনা শেষ করে চোখ মুছে ও যখন বেরিয়ে এল মন্দির থেকে শেষ বিকেল। গোধূলীর লগ্ন এসে পড়েছে। শেষ বিকেলের অস্তরাগ তার শেষ কিরণ ছড়িয়ে দিচ্ছে পৃথিবীময়। লাল টকটক করছে সূর্যটা। একটা অজানা আশংকায় বুকটা কেঁপে উঠল সীমার। ভ্যানিটি ব্যাগটা আঁকড়ে ধরল বুকের সাথে। ওটার ভেতরেও নিয়ে নিয়েছে পূজোর প্রসাদ। নিজের হাতে মাইককে খাইয়ে দেবে বলে।

ত্রস্ত পায়ে বাস স্টপেজের দিকে হাঁটতে থাকল ও। এখুনি ক্যাম্প টি ভি এর বাস ধরতে হবে। ও জানে অধীর আকুলতায় ওর পথ চেয়ে আছে মাইক।

দু'দিন হলো খবরের কাগজে ছবিসহ ক্যাপশন বেরিয়েছে মাইকের। এর কোন খবর দিতে পারলে পাঁচশো ডলার পুরস্কার। যে পিচ্চিটা টাই কিং এর ফুট ফরমাশ খাটতো লেখাপড়া জানতো না সে। জীবনে কোনদিনই খবরের কাগজ দেখেনি। পড়তে পারে না বলে ওসবের প্রতি কোন আগ্রহ নেই। বইপত্র বলতে সচিত্র চটী বা প্লেবয় ম্যাগাজিনের ছবিগুলোর প্রতিই তার একমাত্র আকর্ষণ। জায়গায় জায়গায় এখন ভবঘুরে আর বখাটে লোকদের জটলা। বিষয়বস্তু, ঐ আমেরিকান লোকটা। লোকজনের জল্পনা কল্পনা হচ্ছে কিভাবে ঐ পুরস্কারের অতগুলো টাকা পাওয়া যায়। রাস্তার ধারে একটা দোকানে বসে সেদিন সন্ধ্যায় একবাটি চীনে সুরুয়া খাচ্ছিল পিচ্চি। ওর পাশেই বিরাট জটলা, একজনের হাতে আজকের খবরের কাগজ। কোন কালেই এসব জটলা পছন্দ করে না পিচ্চি। ও ভাবছে কখন ঐ জটলা শেষ হবে। নইলে বাটির সুরুয়া শেষ না করেই এখান থেকে কাটতে হবে ওকে।

শেষ করে উঠতে যাবে, এমন সময় এক রসিক ড্রাইভার গোছের লোক হাত ইশারা করে ডাকল ওকে। 'এই যে ছোঁড়া, দেখত চিনিস কি না এ আমেরিকানটাকে, অনেকগুলো টাকা পেয়ে যেতে পারিস।'

'আমেরিকান' আর 'টাকা,' এ দু'টো শব্দ খট্ করে কানে বাজলো পিচ্চির। লোকটার কাছে এগিয়ে গেল ও। কাগজের ছবিটার দিকে তাকাতেই ধড়াস করে উঠল বুকটা। এ লোককে গতকালই দেখেছে ও।

টাই কিং এর সেই লোক। কিন্তু মুখের ভাবে তা প্রকাশ হতে দিল না পিচ্চি। মাথায় ঘিলু রাখে সে। ছবিটা দেখে নাক কুঁচকে সরে গেল। 'আহ্ হা,' আক্ষেপ করল লোকটা। 'আর পেলিনা তুই পাঁচশো ডলার। সোজা থানায় গিয়ে লোকটার ঠিকানা বলতে পারলেই অতগুলো টাকা। আহা, না জানি কার ভাগ্যে আছে ওগুলো।'

পিচ্চি মনে মনে চিন্তা করল, থানায় গিয়ে ক্যাম্প-এর আস্তানাটার কথা বলে দিলেই পকেট গরম হয়ে যায়। কিন্তু ঐ আমেরিকানটাকে নিয়ে নিশ্চয়ই আরো কোন বড় স্বার্থ আছে টাই কিং এর। হয়তো পাঁচশো ডলারেরও বেশি টাকা দেবে টাই কিং। সুতরাং আপাতত থানায় গিয়ে পকেট গরম করার লোভ থেকে নিজকে নিবৃত্ত রাখল। ও জানে, সবুরে মেওয়া ফলে। ঠিক করল টাই এর কাছ থেকে নগদ ছ'শো ডলার দাবী করবে ও। এবং পিচ্চি নিশ্চিত যে টাকাটা পাবে ও।

তাড়াতাড়ি হোটেল পিংকিং এর উদ্দেশে রওনা হলো পিচ্চি। পৌঁছে হতাশ হতে হলো তাকে। কাজে বেরিয়ে গেছে টাই। কখন ফিরবে ঠিক নেই। তাতে কুচ পরোয়া নেই। হোটেলের গেটের সামনে বসে বসে অসীম ধৈর্য নিয়ে টাই-এর জন্যে অপেক্ষা করতে লাগল পিচ্চি। ছ'শো ডলার ফাঁক তালে রোজগার করতে হলে একটু কষ্ট তো করতেই হবে।

কুড়ি

সীমার জন্যে অপেক্ষা করতে করতে ঘুমিয়ে পড়েছিল মাইক। স্বপ্নে দেখেছিল, আকাশের বুকে সাদা ধোঁয়ার ভেতর ভেসে বেড়াচ্ছে দুজনে, হাত ধরে। যখনই ধরতে যাচ্ছে সীমাকে হাত ফসকে বেরিয়ে যাচ্ছে মেয়েটা। হারিয়ে যাচ্ছে ফের কুয়াশার গহীনে। পাগলের মত খুঁজছে ওকে মাইক। আবার পেয়ে গেল। হাতছানিতে ওকে কাছে ডাকছে। শ্বেত শুভ্র বসনে দেবীর মত লাগছে। বাতাসের ঢেউয়ে ওর খুব কাছে এগিয়ে গেল মাইক। দু'হাত বাড়িয়ে দিল। ওকে ধরার সাথে সাথেই কেমন যেন লালচে হয়ে এল চারদিকে। কয়েক সেকেণ্ড মাত্র, ফের সাদা হয়ে এল। এবার আর কোন কুয়াশা নেই। ওকে বুকের সাথে জড়িয়ে ধরে ভেসে বেড়াচ্ছে নিঃসীম মহাশূন্যে।

হঠাৎ গায়ে কোমল হাতের স্পর্শ আর সেই সাথে মিষ্টি একটা ফুলের গন্ধে উঠে বসল মাইক। বিছানায় ওর পাশে বসে আছে সীমা। একহাতে একগুচ্ছ নাম না জানা ফুলের তোড়া। গরদের শাড়িতে দেবীর মতই শান্ত সমাহিত। মুগ্ধ বিস্ময়ে তাকিয়ে থাকল মাইক।

'ওই ওঠো, যাও মুখ ধুয়ে এসো,' মাইককে মৃদু ঠেলা দিল সীমা। 'পূজোর প্রসাদ নিয়ে এসেছি তোমার জন্যে।'

ধর্ম টর্ম মানে না মাইক যদিও জন্মসূত্রে সে খ্রীষ্টান। কিন্তু এই মুহূর্তে মেয়েটার বিশ্বাসে আঘাত দিতে ইচ্ছে হলো না। উঠে গিয়ে তাড়াতাড়ি মুখ ধুয়ে এল। হাত দিয়ে মাইকের মুখের ভেতর একটুকরো মিষ্টি পুরে দিল সীমা। 'তুমি খাবে না মাণিক?' আদর করে জিজ্ঞেস করল ওকে মাইক।

'সন্ধ্যের পর খাবো।'

'না এখনি, আমার সাথে।' আবদার ধরল মাইক। 'না, খেতেই হবে তোমাকে,' প্যাকেট থেকে একটা টুকরো নিয়ে নিল মাইক ওর জন্যে। নিজের হাতে খাওয়াবে বলে।'

'আজ উপবাস করেছি সারাদিন।' নীচু কণ্ঠে বলল ও। 'নিয়ম অনুযায়ী গোধূলী লগ্নের পর এটা ভাঙ্গতে হয়।'

বিস্ময়ে হতবাক হয়ে গেল মাইক। বুকের ভেতরটা কেমন মোচড় দিয়ে উঠল। খুব ভাল করেই জানে ওর এই উপবাস, পুজো সবই মাইকের

মঙ্গলের জন্যে। কিছুই ওর নিজের জন্যে নয়। ওর ভালবাসার গভীরতা দেখে মুগ্ধ বিস্ময়ে স্তব্ধ হয়ে গেল মাইক। মুখে কোন কথাই যোগালো না।

ওর পাশে বসল মাইক আরো ঘনিষ্ঠ হয়ে। বুকের উপর টেনে নিল ওর মাথাটা। জড়িয়ে ধরল নিবিড়ভাবে। তেমনি দুহাতে মাইককে জড়িয়ে ধরল ও আষ্টেপৃষ্টে। গভীর মমতায় হাত বুলোতে লাগল মাইক সীমার মাথায়। মনে হলো বুকের সমস্ত জ্বালা যন্ত্রণা জল হয়ে গেছে। জানালা দিয়ে তাকাল মাইক বাইরের দিকে। গোধূলীর লগ্ন তার শেষ অস্তরাগে সারা ধরিত্রীর বুকে বিছিয়ে দিচ্ছে ধূসরতার চাদর।

যথারীতি সাইকেল চালিয়ে মন্দিরে এসে অপেক্ষা করছে মাইক টাই এর জন্য। সীমার সাথে যোগাযোগ হয়নি ওর সুতরাং বুঝতে পারছে না ও আসবে কি আসবে না। তবুও নিয়ম মাফিক আধঘণ্টা এখানে অপেক্ষা করতে হবে মাইককে। সোয়া বারোটার সময় দূরে একটা মোটর বাইকের আলো দেখতে পেল ও। এগিয়ে গেল রাস্তার ধারে।

'আপনার জন্যে সুখবর আছে, স্যার,' বাইকটা একটা ঝোপে লুকিয়ে বলল টাই। 'আজ সিঙ্গাপুর থেকে আমার ভাই এসেছে। আগামীকাল রাত ন'টার দিকে এখান থেকে হেরোইনের চালান যাবে হেলিকপ্টারে করে। পাইলটের সাথে কথা হয়েছে আমাদের। আপনাদের দুজনকে চালানের সাথে নিয়ে যাওয়া হবে।'

মনটা এই প্রথম খুশি হয়ে উঠল মাইকের। কাঁধ চাপড়ে ধন্যবাদ জানাল চাইনিজটাকে।

'একটা ব্যাপার , স্যার,' আমতা আমতা করে বলল টাই। 'হীরেগুলো, তিন হাজার ডলারের বেশি বেচা যায়নি। এদিকে পাইলটকে কাল সকালে চার হাজার ডলার ক্যাশ পেমেণ্ট করতে হবে। সুতরাং আর দেড় দু'হাজার ডলার না হলেই নয়।'

আরো টাকা চাইতে পারে ভেবে আরেক টুকরো হীরে নিয়ে এসেছিল মাইক কাগজের মোড়কে ভরে। বলল, 'আর মাত্র একটা হীরে আছে আমার কাছে।' পকেট থেকে বের করে দিল ওটা।

মাইকের হাত থেকে প্রায় লুফে নিল টাই টুকরোটা। উল্টেপাল্টে দেখে নিশ্চিত হয়ে পকেটে রাখল। 'আপনি কোন চিন্তা করবেন না, স্যার,' খুশি খুশি গলায় বলল লোকটা। 'তাহলে ঐ কথাই রইল। আগামীকাল সন্ধের পর সাতটায় সময় আমার গাড়ি আসবে আপনাদেরকে তুলে নিতে।'

'একটা ব্যাপার,' ওকে বলল মাইক। 'সীমা এখন আমার সাথে আছে।

শহরে ফিরে নাও যেতে পারে। যদি যায় বিকেলে ফ্ল্যাটে থাকতে বল ওকে। তুমি আসার সময় সাথে করে নিয়ে এসো। মোট কথা, আসার সময় একবার ওর ফ্ল্যাট ঘুরে আসবে।'

রাত একটার দিকে আশা পূরণ হলো পিচ্চির। দূর থেকে টাই-এর বাইক দেখতে পেল ও। কাছে আসতেই বলল, 'জরুরি খবর আছে, স্যার।'

'আমার রুমে চল্,' বলল টাই।

'খবরের দাম স্যার ছ'শো ডলার,' রুমের ভেতর ঢুকে বলল পিচ্চি। 'কাগজে দেখলাম স্যার ঐ যে ক্যাম্পটিভি এর কাছে খামার বাড়িতে লুকিয়ে থাকা আমেরিকানটাকে খুঁজছে পুলিশ। খবর দিলে পাঁচশো ডলার দেবে। তো আমি ভাবলাম থানায় না গিয়ে আগে স্যারের কাছে যাই। হয়তো আরো বেশি কিছু পাওয়া যাবে।'

মাথায় উঠেছে হারামজাদাটা, মনে মনে চিন্তা করল টাই। মুখে বলল, 'দাঁড়া তুই, একটু ভেতর থেকে আসছি আমি।'

সোজা ভাইয়ের কাছে চলে এল টাই। খুলে বলল সব।

'এখন ওকে টাকা দেয়া ছাড়া কোন উপায় নেই তোর,' বলল চাই। 'এ ব্যাপারে কোন রিস্ক নেয়া যায় না। তবে আবার ডাবল ক্রশ করবে না তো?'

'তা অবশ্য করবে না,' বলল টাই। 'কেননা পুলিশের খাতায় ওর নামও আছে। পুলিশের ছায়াও মাড়াবে না ব্যাটা। তা'ছাড়া আমার ভয়ও আছে। তবে এ নিয়ে বারবার টাকা চাইতে পারে।'

'বার বার চাওয়ার সময় কই, সব হিসেব তো শেষ হয়ে যাচ্ছে কালই। বড়জোর কাল আসতে পারে আবার। এবং তোরও তখন দিতে হবে। তবে দরাদরি করে কম দেবার চেষ্টা করিস্ আর কি।'

'ঠিক আছে, কি আর করা,' বিরস বদনে বলল টাই। নিজের রুমে ফিরে এসে গুনে গুনে পাঁচটা একশো ডলার আর একটা পঞ্চাশ ডলারের নোট মানি ব্যাগ থেকে বার করে দিল পিচ্চির হাতে। নোটগুলো নিজের হাতে নিয়ে নিল পিচ্চি। গুনে বলল, 'বাকী পঞ্চাশ কই?'

'বিদায় হ।' বলে খেঁকিয়ে উঠল টাই কিং।

'ঠিক আছে, ঠিক আছে, পরে দেবেন না হয়।' বলে নোংরা দাঁত বের করে হাসতে হাসতে বেরিয়ে গেল পিচ্চি।

একুশ

'আজকের রাতটা শুধু গল্প করে কাটাবো,' সীমার কানের কাছে মুখ নিয়ে ফিসফিস করে বলল মাইক। বিছানায় শুয়ে আছে দুজনে। মাইকের পরণে স্লিপিং স্যুট এর পাজামা, জামা। সীমা পাল্টায়নি ওর গরদের সেই শাড়ি। মাইকের ডান বাহুর উপর মাথা রেখে শুয়ে আছে ও। খোলা জানালা দিয়ে কামরার ভেতর ঢুকছে চাঁদের আলো আর দক্ষিণের ফুরফুরে বাতাস। বার বার ওর এলো চুল এসে পড়ছে মাইকের মুখের উপর।

'আমার কেমন যেন ভয় লাগছে, মাণিক,' ফিসফিস করে বলল সীমা। 'মনে হচ্ছে আমরা যেন দূরে সরে যাব। আবার হারিয়ে ফেলবো তোমাকে।'

'মিসেস মাইক,' আদর করে বলল মাইক। 'দু'দিন পর আমেরিকার নাগরিক হতে যাচ্ছেন আপনি। এখন ওসব মনে টনে করলে চলবে না বুঝেছেন।'

'আমাদের বিয়ে তো হয়েই গেছে,' ফের বলল ও। 'তোমাদের তো আবার মাথায় সিঁদুর পড়তে হয়। অথচ এখন সিঁদুর কোথায় পাই বলো। লাল কিছু একটা দিলে হবে তো?' বলেই আঙুলের আঙটির ধারালো কণা ঢুকিয়ে দিল ও একটা আঙুলের মাথায়। টপ টপ করে রক্ত পড়া শুরু করতেই দু'ফোঁটা রক্ত সিঁথিতে মাখিয়ে দিল সীমার, আর এক ফোঁটা দিয়ে টিপ দিয়ে দিল কপালে।

'পাগল কোথাকার,' বলেই লাফ দিয়ে উঠে বসল সীমা। 'ইস্ দেখিতো আঙুলটা,' বলেই মাইকের হাত টেনে নিল ও। আঙুলটা পুরে নিল মুখের ভেতর।

'তেমন কিছুনা, দেখো আর রক্তই বেরুচ্ছে না,' বলে টান দিয়ে হাতটা সরিয়ে নিল মাইক। একমাত্র আংটিটা খুলে পরিয়ে দিল ওর হাতে। অনামিকার আংটি খুলে মাইকের আঙুলে পরিয়ে দিল সীমা। 'আজ আমাদের প্রথম বাসর রাত,' অস্ফুটে বলল মাইক।

ওর বুকের উপর মাথা রেখে শুয়ে আছে সীমা। এদিকে ভবিষ্যতের রঙীন কল্পনার জাল বুনে চলেছে মাইক। 'আগামীকাল রাতেই সিঙ্গাপুর চলে যাবো,' বলে চলল সে। 'পরদিন সকালে কোন কোর্টে গিয়ে আনুষ্ঠানিক ভাবে বিয়েটা সেরে নেব দু'জনে। বিয়ের মার্কেটিংটাও করে নেব। তারপর

